হঠাৎ আমি বড় হলাম পড়তে যাব দূরে,
গড়তে হবে সফল জীবন স্বদেশ-বিদেশ ঘুরে।
মাকে ছেড়ে দিতে হবে অনেকটা পথ পাড়ি,
ভাবতে ভীষণ লাগছে একা ভুলতে হবে বাড়ি।
বুঝতে পারি তোমার কাছে আমি চিরঋণী,
মায়ের জীবন নিয়ে কেউ খেলো না ছিনিমিনি।

ইসফার কবির তামিম
শ্রেণিঃ একাদশ
শাখাঃ পাই
রোলঃ ২০৬৫

আঁধার থেকে আলোতে

দীর্ঘশ্বাস পড়ছে বারবার,
চোখেতে আছে আঁধার।
হায়! ব্যর্থ এই আমি-
আজ আমি ক্লান্ত।
তমসার হাতছানি,
আমি যেন অন্ধ-
আলো নিভেছে বুঝি,
চারিদিকে নিস্তব্ধ।
কিন্তু...
হার মানলে তবে,
আঁধারে ভেসে যাবে।
পৃথিবী নিষ্ঠুর হবে,
নরকের দেখা পাবে।
আশা হারাবে যবে,
দুশ্চিন্তা তোমাকে খাবে।
জাগাও অন্তরে নিহিত শক্তি,
দেখাও দৃঢ় অভিব্যক্তি।
শোনো বিবেকের যুক্তি,
সৎকর্মে মিলবে মুক্তি।
মানো জ্ঞানের উক্তি,
সত্যকে করো ভক্তি।

তাহসিন আক্তার
শ্রেণিঃ একাদশ
শাখাঃ অরিয়ন
রোলঃ ৪২১৪

বন্ধুত্বের পরিণতি

ইঁদুর বিড়াল ভাব করেছে,
বন্ধু হবে নাকি?
দুশমনি সব ভুলে গিয়ে,
বন্ধু হয়েই রবে।
খেলবে তারা লুটোপুটি,
আজ সারাটি বেলা।
কারো প্রতি কেউ কখনো,
করবে নাকো হেলা।
খানিক বাদে লোভী বিড়াল,
বসলো ভুলে পণ।
ইঁদুর খাওয়ার নেশায় সে যে-
মাতলো সারাক্ষণ।
বন্ধুত্ব ভুলে গিয়ে-
শত্রু হলো ফের।
ইঁদুরটাকে উপড়ে ফেলে,
হানলো আঘাত ঢের।
বন্ধুত্ব করতে গেলে,
সজাগ হওয়া চাই।
প্রতারকের সাথে কভু,
ভাব করো না ভাই।

আলোকচিত্রে আলোকোজ্জ্বল শাহীনেরা

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

ফারজানা আফরোজ

শিশু শ্রেণি (বুলবুলি)

ফারজানা লোবান

শিশু শ্রেণি (দোয়েল)

সৈয়দা ফাতেমা সুলতানা

শিশু শ্রেণি (কোয়েল)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

নরিন সিকদার বনি

শিশু শ্রেণি (ময়না)

সোনিয়া খাতুন

শিশু শ্রেণি (শ্যামা)

মোসাঃ ফেরদৌসী বেগম

শিশু শ্রেণি (টিয়া)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মাহমুদা আক্তার

শিশু শ্রেণি (টুনটুনি)

নীলুফা আক্তার

১ম শ্রেণি (চামেলি)

লুৎফুন্নাহার (আইরিন)

১ম শ্রেণি (ডালিয়া)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

শারমীন সুলতানা

১ম শ্রেণি (গন্ধরাজ)

তাসলিমা বাসেত

১ম শ্রেণি (করবী)

সানজিদা রহমান

১ম শ্রেণি (শেফালী)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

শামিমা নারগিস

১ম শ্রেণি (টগর)

রুবিনা ইয়াসমিন স্মৃতি

১ম শ্রেণি (তমাল)

আমেনা খাতুন

২য় শ্রেণি (গোমতি)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোহাম্মদ শফিউল্লাহ

২য় শ্রেণি (যমুনা)

কানিজ ফাতেমা

২য় শ্রেণি (মেঘনা)

মোসাঃ শাইলা ইয়াসমিন

২য় শ্রেণি (মধুমতি)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

সেলিনা আক্তার

২য় শ্রেণি (রূপসা)

শাহিদা পারভীন

২য় শ্রেণি (সুরমা)

যারীন তাসনিম

২য় শ্রেণি (তিতাস)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

রেহানা আক্তার

৩য় শ্রেণি (পাইন)

সামিয়া সুলতানা

৩য় শ্রেণি (পাপড়ি)

সুমন হোসেন

৩য় শ্রেণি (পিয়াল)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

উম্মে হাবিবা

৩য় শ্রেণি (পলাশ)

সুস্মিতা সংগীতা মৃধা

৩য় শ্রেণি (পল্লব)

সুমাইয়া হোসেন অর্পা

৩য় শ্রেণি (পরাগ)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মুক্তা খাতুন

৩য় শ্রেণি (পুষ্প)

মোঃ সাইদুর রহমান

৪র্থ শ্রেণি (কাঞ্চন)

আফিয়া সুলতানা রাখী

৪র্থ শ্রেণি (কল্লোল)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোঃ জাকারিয়া

৪র্থ শ্রেণি (কলতান)

তাসনীম ফেরদৌস

৪র্থ শ্রেণি (কর্ণফুলী)

সায়মা সুলতানা

৪র্থ শ্রেণি (করতোয়া)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মেহেনাজ শফিক

৪র্থ শ্রেণি (কুশিয়ারা)

ফারহান নওরোজ নুর

৪র্থ শ্রেণি (উর্মি)

আফজালুন নাহার

৫ম শ্রেণি (বেলী)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোঃ সাইদুল ইসলাম

৫ম শ্রেণি (গোলাপ)

নাজমুল ইসলাম

৫ম শ্রেণি (জবা)

রওনক আরা

৫ম শ্রেণি (জুঁই)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোঃ মোমিন হোসেন

৫ম শ্রেণি (কেয়া)

মোসাঃ এমরানা বেগম

৫ম শ্রেণি (মল্লিকা)

সাদিয়া আফরিন

৫ম শ্রেণি (সূর্যমুখী)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোঃ হাফিজুর রহমান

৬ষ্ঠ শ্রেণি (গোল্ড)

দীপক চন্দ্র বল্লভ

৬ষ্ঠ শ্রেণি (জেম)

সুমন চন্দ্র রায়

৬ষ্ঠ শ্রেণি (জুয়েল)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

সাইফুল ইসলাম

৬ষ্ঠ শ্রেণি (পার্ল)

রোকসানা আমিন

৬ষ্ঠ শ্রেণি (প্লাটিনাম)

মামুনুর রশীদ

৬ষ্ঠ শ্রেণি (সিলিকন)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোঃ জাহাঙ্গীর আলম

৬ষ্ঠ শ্রেণি (টোপাজ)

সিরাজাম মনিরা

৭ম শ্রেণি (পিকক)

রূপ নারায়ণ সরকার

৭ম শ্রেণি (কিংফিশার)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

শামসুন নাহার শান্তা

৭ম শ্রেণি (নাইটিঙ্গেল)

নাজমা আক্তার

৭ম শ্রেণি (পায়রা)

মোঃ আব্দুল্লাহ

৭ম শ্রেণি (পেঙ্গুইন)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

হারুন-অর-রশীদ

৭ম শ্রেণি (প্যারট)

পরিমল চন্দ্র সরকার

৭ম শ্রেণি (স্কাইলার্ক)

মোঃ নূর আলম সিদ্দিক

৮ম শ্রেণি (ডাহুক)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

সাইফ উদ্দিন সোহেল

৮ম শ্রেণি (ডায়মন্ড)

মোঃ সাজ্জাদুর রহমান

৮ম শ্রেণি (ডায়না)

মোঃ আফাজ উদ্দিন পাঠান

৮ম শ্রেণি (ড্যাফোডিল)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

আস-সাদিক

৮ম শ্রেণি (ডলফিন)

আশিস কুমার দাস

৮ম শ্রেণি (ডন)

মোঃ রুহুল আমিন

৮ম শ্রেণি (ডুমুর)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

আব্দুল মজিদ পরশ

৯ম শ্রেণি (জুপিটর)

মোহাম্মদ শহিদুল ইসলাম

৯ম শ্রেণি (মার্কারী)

আল মামুন

৯ম শ্রেণি (মার্স)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোহাম্মদ সারওয়ার জাহান মোস্তফা

৯ম শ্রেণি (মুন)

মাহবুবুর রহমান

৯ম শ্রেণি (নীহারিকা)

স্বরূপ কুমার ভক্ত

৯ম শ্রেণি (ইউরেনাস)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

আবেদা সুলতানা ঝর্ণা

৯ম শ্রেণি (ভেনাস)

সাঈদা শাহীন সেতারা

৯ম শ্রেণি (সান)

নাজনীন খানম

১০ম শ্রেণি (শালুক)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোঃ তাজমিনুর রহমান

১০ম শ্রেণি (শাপলা)

তারিকুল ইসলাম

১০ম শ্রেণি (শিমুল)

মোঃ শাহীনুর রহমান

১০ম শ্রেণি (শিউলি)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী

মোঃ মোশাররফ হোসেন

১০ম শ্রেণি (সুগন্ধা)

মোঃ আমিরুল ইসলাম

১০ম শ্রেণি (শতদল)

কিরণ বড়ুয়া

১০ম শ্রেণি (সুরভী)

হামিদা আক্তার

১০ম শ্রেণি (রজনীগন্ধা)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী (ইংরেজি ভার্সন)

খন্দকার শামিমা আফরোজ

১ম শ্রেণি (মেরিগোল্ড)

সোনিয়া শাহিন মুক্তি

১ম শ্রেণি (অর্কিড)

শাম্মি আক্তার পলি

১ম শ্রেণি (সানফ্লাওয়ার)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী (ইংরেজি ভার্সন)

লায়লা নাসরিন

২য় শ্রেণি (হার্মিং বার্ড)

নুসরাত সিদ্দিকা

২য় শ্রেণি (স্প্যারো)

তনুশ্রী বিশ্বাস

৩য় শ্রেণি (ব্লুবেল)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী (ইংরেজি ভার্সন)

মানসুরা হাসান

৩য় শ্রেণি (ক্যামেলিয়া)

জেনসি হাওয়ালাদার

৪র্থ শ্রেণি (সানসাইন)

আইরিন আক্তার

৪র্থ শ্রেণি (সিলভিয়া)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী (ইংরেজি ভার্সন)

শামসুন নাহার

৫ম শ্রেণি (সামার)

ফারহানা আক্তার

৫ম শ্রেণি (উইন্টার)

মোহাম্মদ আলি

৬ষ্ট শ্রেণি (অটাম)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী (ইংরেজি ভার্সন)

তানভিন সুলতানা চৌধুরী

৬ষ্ঠ শ্রেণি (স্প্রিং)

মোঃ আবুল কালাম আজাদ

৭ম শ্রেণি (অ্যালবাট্রস)

মাহবুবা আক্তার

৮ম শ্রেণি (প্যাসিফিক)

আলোকচিত্রে স্কুল শিক্ষার্থী (ইংরেজি ভার্সন)

মোঃ মাহ্‌ফুজুর রহমান

৯ম শ্রেণি (অলিভ)

মোঃ আব্দুর রহমান

১০ম শ্রেণি (উইলো-বিজ্ঞান)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

ফারিয়া খাতুন

একাদশঃ বিজ্ঞান (ডেল্টা)

মাহবুবুর রহমান

একাদশঃ বিজ্ঞান (আলফা)

মোঃ খায়রুল ইসলাম

একাদশঃ বিজ্ঞান (বিটা)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

মোঃ জাহাঙ্গীর আলম

একাদশঃ বিজ্ঞান (গামা)

নাঈমা সুলতানা

একাদশঃ বিজ্ঞান (সিগমা)

মোঃ মাসুদ করিম

একাদশঃ বিজ্ঞান (পাই)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

কাজী তরিকুল ইসলাম

একাদশঃ ব্যবসায় শিক্ষা (অ্যাপোলো)

মোঃ শাহীন মিয়া

একাদশঃ ব্যবসায় শিক্ষা (অরিয়ন)

মোঃ মোশারফ হোসেন

একাদশঃ ব্যবসায় শিক্ষা (স্পুটনিক)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

শাহিদা খানম

একাদশঃ মানবিক (টিউলিপ)

পাপিয়া খান

একাদশঃ মানবিক (লোটাস)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

ফয়সাল আমমেদ তারেক

দ্বাদশঃ বিজ্ঞান (লেপটন)
ইংরেজি ভার্সন

নাহিদ আফরোজ

দ্বাদশঃ বিজ্ঞান (ইলেকট্রন)

মোঃ মুরশীদ আলম

দ্বাদশঃ বিজ্ঞান (প্রোটন)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

মোঃ ইকবাল হোসেন মুন্সী

দ্বাদশঃ বিজ্ঞান (নিউট্রন)

গৌতম কুমার সরকার

দ্বাদশঃ বিজ্ঞান (মেসন)

হুমায়ুন কবির

দ্বাদশঃ বিজ্ঞান (কসমস)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

মোঃ তানভীর মোস্তফা

দ্বাদশঃ ব্যবসায় শিক্ষা (ভয়েজার)

মোঃ আমির হোসেন

দ্বাদশঃ ব্যবসায় শিক্ষা (গ্যালাক্সী)

মোঃ শরিফুল ইসলাম

দ্বাদশঃ ব্যবসায় শিক্ষা (টাইটান)

আলোকচিত্রে কলেজ শিক্ষার্থী

নাসিমা আক্তার

দ্বাদশঃ মানবিক (ডেউজী)

মোঃ আল-আমীন

দ্বাদশঃ মানবিক (লিলি)

সাহিত্য - কথায়
শাহীন শিক্ষার্থী

গল্প, প্রবন্ধ ও ভ্রমণ কাহিনি

কাজী নুজাফা জাররা
শ্রেণিঃ চতুর্থ
শাখাঃ করতোয়া
রোলঃ ৩২৬

ঘুরে এলাম কক্সবাজার, সেন্ট মার্টিন দ্বীপ

এক রাতে মা বলল, আমরা কাল নানুর বাসায় যাব। আমরা খুশি হলাম। আমরা সকালে বাবাকে উত্তরা থেকে আনলাম। তারপর এয়ারপোর্টে এলাম। বললাম, আমরা এয়ারপোর্ট কেন? বাবা বলল, ছোট খালাদের এখান থেকে নিয়ে তারপর যাব। তারপর বাবা কিছু কাগজ নিল। তারপর একটা বাসে উঠলাম। অবাক আমরা। আমরা প্লেনে করে কক্সবাজার যাচ্ছি-বাবা ও মায়ের সারপ্রাইজ। খুব খুশি হলাম। এক ঘন্টার জার্নি। অদ্ভুত অনুভূতি। প্রথমবারের মতো বিমানে উঠলাম।

কক্সবাজারে গিয়ে ভালো লাগলো। অসংখ্য হোটেল। প্রচুর মানুষ এখানে এসেছে। একটা সুন্দর হোটেলে থাকার ব্যবস্থা করা হলো। রাতে বিচের কাছে গেলাম। বিচ দিয়ে হাঁটলাম। সমুদ্রের গর্জনে রোমাঞ্চিত হলাম। পরদিন সকালে সবাই মিলে বিচে নামলাম। বড় বড় ঢেউ এসে আছড়ে পড়ল, ঘন্টাখানেক সমুদ্রস্নানের পর হোটেলে এসে ফ্রেশ হলাম। এরপর খাবার-দাবার খেয়ে রেস্ট নিলাম।

এরপরের মিশন প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। নাফ নদীর ঘাট থেকে লঞ্চে উঠে সোজা সমুদ্র পাড়ি। নীল জলরাশির মধ্য দিয়ে প্রায় আড়াই ঘন্টা যাত্রা শেষে পৌঁছলাম সেন্টমার্টিন। এখানেও প্রচুর পর্যটক এসেছে। মনটা খুশিতে ভরে গেল। একরাত সেন্টমার্টিনে কাটালাম। দ্বীপের চারদিক ঘুরে ঘুরে দেখলাম। মজাদার খাবার খেলাম, ছবি তুললাম। এরপর ফিরে এলাম কক্সবাজার। কক্সবাজার থেকে বিমান যোগে আবার ঢাকায়। চমৎকার ভ্রমণ ছিলো। এই ভ্রমণটি আমার জীবনে স্মরণীয় হয়ে থাকবে।

মোঃ মেহেদী হাসান
শ্রেণিঃ ষষ্ঠ
শাখাঃ পার্ল
রোলঃ ৭১১

মানুষ কী বলবে?

মানুষ কী বলবে? এ প্রশ্নটি দিয়েই শুরু করলাম। গল্পের নামও এটি। প্রতিনিয়ত আমরা প্রত্যেকটি কাজের পূর্বে চিন্তা করে থাকি, কাজটি করলে মানুষ কী বলবে? ঠিক কি না?

উদাহরণ না দিলে বোঝাতে পারব না। একটা গল্প বলি। একদিন এক বৃদ্ধ লোক তার স্ত্রীর সঙ্গে গাধার পিঠে চড়ে বাজারে যাচ্ছিলেন। রাস্তার লোকজন তাদের দেখে পরস্পর সমালোচনা করতে লাগল, "দেখুন, লোকটি কীভাবে গাধাটাকে কষ্ট দিচ্ছে।" তাই পরদিন সে নিজে গাধার পিঠে চড়ে তার স্ত্রীকে হাঁটিয়ে নিয়ে যাচ্ছিল যেন গাধাটার কষ্ট কম হয়, তারপর লোকজন পরস্পর সমালোচনা করল, "কী স্বার্থপর লোকটা! নিজে গাধার পিঠে চড়ে স্ত্রীকে হাঁটাচ্ছে।" তারপরের দিন লোকটি তার স্ত্রীকে বসিয়ে নিজে হেঁটে যাওয়ায় সমালোচনা হলো, "লোকটি কত বোকা! নিজে হেঁটে যাচ্ছে আর বউকে বসিয়ে নিয়ে যাচ্ছে?" তারপর তার অনেক রাগ হলো। পরদিন সে গাধাটাকে না নিয়েই তার স্ত্রীর সঙ্গে বাজারে গেল। তখন সবাই হাসাহাসি করতে লাগল এবং বলল, "গাধা থাকতে এ বয়সে লোকটি হেঁটে যাচ্ছে।" গল্পটি পড়ে কী বুঝলেন? আপনার প্রতিটি কর্মে কোনো না কোনো মানুষ কোনো না কোনো সমালোচনা করবেই; এটাই সচরাচর হয়ে থাকে। আর এসব সমালোচনায় কান দিতে গেলে আপনি কখনোই সফল হতে পারবেন না। একজন মহান ব্যক্তির বাণী, "মানুষ সমালোচনা করবেই, সকল সমালোচনাকেই ইতিবাচক ভাবতে হবে।" আরও একটি ঘটনা বলা যাক -যে কথাটি কোনো একটি কবিতায় আছে। সেই কবিতার কথাগুলো গদ্যরূপে লিখে ঘটনাটি বর্ণনা করছি। একদিন একজন পথিককে একটি কুকুর কামড় দিয়েছিল। রাতে কামড়ের ব্যথায় ঘুমাতে পারছিল না বেচারা। তার মেয়ে তাকে জিজ্ঞেস করল, "বাবা, তোমারও তো দাঁত আছে। তাহলে তুমি কেন তাকে কামড়ে দিলে না? উত্তরে সে বলল, "কুকুরের কাজ কুকুর করেছে, আমাকে কামড় দিয়েছে। তাই বলে কি কুকুরকে কামড়ানো মানুষের শোভা পায়? ঘটনা শুনে আপনি কী বুঝলেন? কুকুরের কাজ কুকুর করবেই। আপনি আপনার মতো থাকুন। তেমনি সমালোচনাকারী সমালোচনা করবেই; তা গায়ে মাখবেন না।

আমরা ধর্মের কাজ করবো সৃষ্টিকর্তাকে খুশি করার জন্য; মানুষ কী বলবে তা মনে রেখে নয়। ধর্মীয় বিধান জীবনকে সুন্দর করার জন্য। পরোপকার, মানবসেবা ইত্যাদি ইসলামের মহান শিক্ষা। কিন্তু এটা লোক-দেখানো হলে তা হবে মহাপাপ। মহানবি হযরত মুহাম্মদ (স.) মানুষকে ন্যায়-বিচারের শিক্ষা দিয়েছেন, গুরুজনের প্রতি শ্রদ্ধা করতে শিখিয়েছেন। অনেক সময় আমরা রিকশাওয়ালার সাথে দুর্ব্যবহার করি। তাদের নিয়ে হাসি-তামাশা করি। এটা কোনভাবেই ইসলাম শেখায় না। সব ধর্মেরই মূল কথা মানবতা ও মানুষের প্রতি ভালোবাসা। কারো সমালোচনা না করে ভালো কাজে মনোনিবেশ করলেই এ সমাজ পরিবর্তন হবে। তাই, আসুন, সকলে মানুষের জন্য, দেশের জন্য কাজ করি। সকল সমালোচনার পথ পরিহার করি।

ইসরাত জাহান সাবা
শ্রেণিঃ সপ্তম
শাখাঃ পায়রা
রোলঃ ৬০৩

হেলেন কেলার

হেলেন কেলার, যার পূর্ণ নাম হেলেন অ্যাডামস কেলার; ১৮৮০ সালের ২৭ জুন তুসাকুম্বিয়া, অ্যালাবামা, আমেরিকায় জন্মগ্রহণ করেন। তার বয়স যখন ১৯ মাস তখন তিনি একটি রোগে (সম্ভবত স্কারলেট ফিভার) আক্রান্ত হয়েছিলেন; যা তাকে অন্ধ ও বধির করে রেখেছিল। ছয় বছর বয়সে আলেকজান্ডার তাঁকে পরীক্ষা করেছিলেন এবং তাকে বোস্টনের 'পারকিন্স ইনস্টিটিউশন ফর দ্য ব্লাইন্ড'-এর ২০ বছর বয়সী শিক্ষক অ্যানসলিভানের কাছে পাঠান। অ্যান ছিলেন একজন অসাধারণ শিক্ষিকা। তিনি ১৮৮৭ সাল থেকে তার মৃত্যু পর্যন্ত কেলারের সাথে ছিলেন। মাত্র কয়েক মাসের মধ্যে হেলেন বস্তুকে অনুভব করতে এবং তার হাতের তালুতে আঙ্গুলের সংকেত দ্বারা লেখা শব্দের সাথে যুক্ত করতে শিখেছিলেন। কার্ডবোর্ডে উত্থিত শব্দগুলো অনুভব করে বাক্য পড়তে এবং একটি ফ্রেমে শব্দগুলি সাজিয়ে নিজের বাক্য তৈরি করতে শিখেছিলেন। ১৮৮৮-৯০ সাল তিনি ব্রেইল শিখেছিলেন। তারপর তিনি বধিরদের 'হোরাস মান' স্কুলে সারাহ ফুলারের অধীনে কথা বলার ধীর প্রক্রিয়া শুরু করেছিলেন। তিনি স্পিকারের ঠোঁটে ও গলায় হাত রেখে পড়তে শিখিয়েছিলেন। তিনি ১৯০০ সালে 'র‍্যাডক্লিফ' কলেজে ভর্তি হন এবং ১৯০৪ সালে স্নাতক অর্জন করেন; যা এর আগে কোন প্রতিবন্ধী ব্যক্তি অর্জন করতে পারেনি। তারপর তিনি 'দ্য স্টোরি অফ মাই লাইফ' (১৯০৩), 'দি ওয়ার্ল্ড আই লিভ ইন' (১৯০৮), 'দ্যা ওপেন ডোর' (১৯৫৭) সহ বেশ কয়েকটি বই লিখেছিলেন। ১৯১৩ সালে তিনি বক্তৃতা দেওয়া শুরু করেন (একজন দো-ভাষীর সহায়তায়)। তিনি ২ মিলিয়ন ইউএস ডলার এনডাউমেন্ট ফান্ড প্রতিষ্ঠা করেন এবং বিশ্বের বিভিন্ন দেশ সফর করেন। তিনি ১লা জুন ১৯৬৮ সালে আমেরিকার 'কানেকটিকাট'-এ মৃত্যুবরণ করেন। তাঁর সংগ্রামী জীবন ও প্রশিক্ষণ প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে অসাধারণ কৃতিত্বের প্রতিনিধিত্ব করে। ১৯৬২ সালে তাঁর জীবনের ওপর ভিত্তি করে একটি নাটক মঞ্চস্থ হয়; যার নাম 'দা মিরাকল ওয়ার্কার'। হেলেন কেলার একজন বিশ্বনন্দিত সংগ্রামী এবং অনুসরণীয় সাহসী ব্যক্তিত্ব।

হাসান বিন আব্দুল্লাহ
শ্রেণিঃ সপ্তম
শাখাঃ নাইটিঙ্গেল
রোলঃ ৫০২

লিভিং ইগল

সাইফুল আজম, বাংলাদেশের একজন কিংবদন্তি পাইলট। তিনি ১৯৪১ সালের ১১ই সেপ্টেম্বর পাবনায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬০ সালে পাকিস্তান বিমান বাহিনীতে যোগদান করেন। তিনি উপমহাদেশের একমাত্র ব্যক্তি যিনি মোট চারটি দেশের বিমান বাহিনীতে সার্ভিস দিয়েছেন (বাংলাদেশ, পাকিস্তান, জর্ডান, ইরাক)। এছাড়া তিনি ইসরায়েলের সবচেয়ে বেশি যুদ্ধবিমান (তিনটি) ডগফাইটের মাধ্যমে ধ্বংস করেছেন। তিনি মোট তিনটি দেশের বিমান যুদ্ধে অংশ নিয়ে শত্রু দেশের বিমান ধ্বংস করেছেন এবং তিনটি দেশ থেকেই বীরত্বসূচক খেতাব পেয়েছেন। ২০০১ সালে যুক্তরাষ্ট্র থেকে যে ২২ জন 'লিভিং ইগল' এর তালিকা প্রকাশ করা হয়েছিল তাদের মধ্যে তিনি অন্যতম। তিনি ১৪ই জুন ২০২০ সালে মৃত্যুবরণ করেন। তাকে শাহীন কবরস্থানে দাফন করা হয়েছে। তিনি বাংলাদেশ বিমান বাহিনীর তথা বাংলাদেশের একজন গর্বিত পাইলট এবং বর্তমান প্রজন্মের প্রেরণার উৎস; যদিও তার বীরত্বগাঁথা ইতিহাস আমাদের অনেকেরই অজানা।

রওনক আফরোজ
শ্রেণিঃ অষ্টম
শাখাঃ ডলফিন
রোলঃ ৭৩০

বারমুডা ট্রায়াঙ্গলঃ রহস্য নাকি গুজব

রহস্যভরা এই দুনিয়া। কিছু রহস্য মানুষের সৃষ্ট, আর কিছু এখনও মানুষের অজানা রয়ে গেছে। বিশ্বজুড়ে হাজারো রহস্যে ঘেরা ঘটনার মধ্যে বারমুডা ট্রায়াঙ্গলে সংঘটিত ঘটনাগুলো আজও মানুষকে রোমাঞ্চিত করে। কিছু ব্যাখ্যা মানুষ দিয়েছে, কিছু ঘটনা আজও রহস্যের কুয়াশায় আছন্ন হয়ে আছে।

বারমুডা ট্রায়াঙ্গল পৃথিবীর রহস্যময় জায়গার একটি। বিশ্বজুড়ে এ জায়গা নিয়ে রয়েছে নানা ধরনের জল্পনা-কল্পনা ও ইতিহাস।

আটলান্টিক মহাসাগরের ওয়েস্ট ইন্ডিজ ও অ্যামেরিকা উপকূলের এক কোনায় বারমুডা দ্বীপ, অন্য দুই কোনায় আছে বর্তমান যুক্তরাষ্ট্রের দুই সাগর সৈকত মিয়ামি ও পুয়েতোরিকো। তিন কোনায় এই তিন স্থানকে রেখে মাঝখানে যে পাঁচ লক্ষ কি.মি. বর্গক্ষেত্র এলাকার ত্রিভুজের মতো বিশাল জলাঞ্চল, সেটিই এখন 'বারমুডা ট্রায়াঙ্গল' নামে পরিচিত বিশ্বজুড়ে।

চতুর্দশ শতকে স্প্যানিশ অভিযাত্রী ক্রিস্টোফার কলম্বাস প্রথম বারমুডা ট্রায়াঙ্গল আবিষ্কার করেন। এ অঞ্চলে এ পর্যন্ত কত দুর্ঘটনা ঘটেছে তার কোনো হিসেব নেই। গত ১০০ বছরে ১০০০ মানুষের জীবন নিয়েছে এ জায়গাটি।

এ অঞ্চলে একবার গেলে আর কেউ ফিরে আসেনি। কত জাহাজ যে এই অঞ্চল থেকে নিখোঁজ হয়েছে বা সমুদ্রগর্ভে বিলীন হয়েছে তার কোনো ইয়ত্তা নেই। কত বিমান যে হারিয়ে গেছে তার হদিস এখনও পাওয়া যায়নি। কেন এমন হয়? কেউ বলে এসব এলিয়েনের কারণে হয়। আবার কেউ কেউ বলে 'বারমুডা নয়, এ তো শয়তানের ট্রায়াঙ্গল!' এ অঞ্চলে একবার কোনো জাহাজ বা বিমান গেলে কখনোই তা আর ফেরেনি। বিমান এ অঞ্চলে প্রবেশ করা মাত্রই সিগনাল হারিয়ে ফেলে। বাইরের দুনিয়ার সাথে যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে যায়। এ অঞ্চলে গেলে কম্পাসের কাঁটা এলোমেলো হয়ে যায়। দেখা দেয় অদ্ভুত আলোর নাচানাচি। ঝড় বা জলোচ্ছ্বাস এ অঞ্চলে সবসময় লেগেই থাকে। এ অঞ্চল নিয়ে সর্বপ্রথম কাহিনি লেখেন ডিনসিয়েন্ট গ্যাডিস। ১৯৫০ সালের ১৭ই সেপ্টেম্বর 'দ্য মিয়ামি হেরাল্ড' পত্রিকায় বারমুডা ট্রায়াঙ্গল নিয়ে একটি রিপোর্ট প্রকাশিত হয়। মূলত এ রিপোর্টের উপর ভিত্তি করেই গ্যাডিস "The Deadly Bermuda Triangle" নামে একটি গল্প প্রকাশ করেন। এ অঞ্চল নিয়ে প্রথম রহস্যের উৎপত্তি হয় ১৯৪৫ সালে। ইউএস নেভির সেরা পাঁচজন অ্যাডভেঞ্জার নিয়ে ৫টি যুদ্ধ বিমান প্রশিক্ষণের জন্য রওনা হয়, কিন্তু বারমুডা ট্রায়াঙ্গেলে ঢোকার পর পাইলটের সাথে কনট্রোল টাওয়ার থেকে কথা বলার সময় বাক্য শেষ হওয়ার আগেই যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। হঠাৎ যেন সবকিছু হাওয়ায় মিলিয়ে গেল। আজও মেলেনি সে যুদ্ধবিমানের সন্ধান। বারমুডা ট্রায়াঙ্গলের রহস্য উদঘাটনে বিজ্ঞানীরা কম চেষ্টা করেননি। 'বারমুডা ট্রায়াঙ্গল' নিয়ে অনেক গুজব রটেছে। তার মধ্যে সবচেয়ে বেশি ব্যবহার করা বিজ্ঞানের হাইপোথিসিসগুলো সমান্তরাল মহাবিশ্ব, ওয়ার্মহোল, এলিয়েন ইত্যাদি। একদল মানুষ দাবি করেন এ এলাকায় রয়েছে অদৃশ্য জগতের দরজা বা ওয়াসহোল। ওয়াসহোল হলো আইনস্টাইনের 'জেনারেল থিওরি অফ রিলেটিভিটি' থেকে আসা এক ভবিষ্যদ্বাণী। কিন্তু এটি গ্রহণ করা হয়নি। কারণ ওয়াসহোলের দেখা পাওয়ার মতো পর্যাপ্ত জ্ঞান মানুষ এখনও অর্জন করেনি।

ব্যাপক গবেষণা করে ২০১৬ সালের ৪ই মার্চ 'ন্যাশনাল জিওগ্রাফিক' জার্নাল থেকে একটি লেখা প্রকাশ করা হয়; যাতে লেখা হয়- "প্রায় ৩০০টির মতো জাহাজ ও ৭৫টি বিমান এ অঞ্চলে নিখোঁজ হয়েছে।" বিজ্ঞানীদের বিশ্বাস, এটি কোনো অতিপ্রাকৃত ঘটনা নয়। এর রয়েছে বৈজ্ঞানিক ব্যাখ্যা। এর একটি ব্যাখ্যা দিয়েছেন বিজ্ঞানী স্টিভ মিলার। তিনি গবেষণা করে জানান, এ এলাকায় বিশেষ এক ধরনের মেঘ দেখা যায়। এই মেঘের কারণে এসব এলাকায় সমুদ্র ঝড় নিয়মিত ঘটে। সমুদ্রে এসব এলাকার একটি নাম ট্রপিক্যাল সাইক্লোন জোন। এ জোনে ঝড়ের বেগ ঘন্টায় ২৭০ কিমি। এ কারণেই এসব হয়।

বারমুডা অঞ্চলের বেশিরভাগ ধ্বংসাবশেষ হারিয়ে যাওয়ার মূল কারণ হলো 'গালফ স্ট্রিম' বা 'উপসাগরীয় উষ্ণ স্রোত'। এই উষ্ণ স্রোত মেক্সিকো উপসাগর থেকে প্রবাহিত হয় ফ্লোরিডার দিকে। এ স্রোতের তোড় মাঝে মাঝে এমন থাকে যে, দ্রুত জাহাজের ধ্বংসাবশেষকে ভাসিয়ে নিয়ে যাওয়া কোনো ব্যাপারই নয়।

সব কথার শেষ কথা হলো; গুজব ব্যবসা। অসাধু মানুষেরা প্রাকৃতিক রহস্যময় ঘটনা নিয়ে গুজব সৃষ্টি করেন এবং এসব নিয়ে ব্যবসা করেন। আর এসব গল্পের কাটতি সে যুগেও ছিল, এযুগেও আছে। আধুনিক তথ্যপ্রযুক্তির যুগে সে গুজবের ডালপালা ছড়িয়ে পড়েছে ব্যাপকভাবে। একদিন হয়তো সব রহস্য উন্মোচিত হবে।

সূত্রঃ গুগল

ফয়েজুল ইসলাম উদয়
শ্রেণিঃ একাদশ
শাখাঃ অরিয়ন
রোলঃ ৪২৯২

রাতের আঁধারে ভূতুরে লাশ

সময়টা ছিল ১৯৯২ সালের ১৩ই ডিসেম্বর। আমার বড় মামা রূপসদী নামক এক গ্রামে বাস করেন। তিনি প্রতিদিন প্রায় ১০ কিলোমিটার পথ হেঁটে শহরে আবাসিক এলাকায় কাজ করতে আসেন। তিনি খুব সাহসী ও পরিশ্রমী। বড় মামা খুব ভোরে আযান দেওয়ার আগে ঘুম থেকে উঠে কাজের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হতেন। তখন গ্রামের রাস্তা পাকা ছিল না। আর এখনকার মতো গাড়ি রাস্তায় চলাচল করত না। তাই মামা হেঁটে শহরে কাজে যেতেন। আবার শহর থেকে কাজ শেষ করে বাড়ি ফিরতেন। এতে অনেক রাত হয়ে যেত। আর এভাবে কষ্টের জীবন চলছিল তার।

প্রতিদিনের মত একদিন কাজ শেষ করে বাড়ি ফিরছিলেন। তখন ছিল শীতকাল। সেদিন খুব বেশি ঠাণ্ডা পড়েছিলো, তার সাথে কুয়াশাচ্ছন্ন ছিল চারদিক। তেমন ভালোমতো কিছু দেখা যাচ্ছিল না। মামা চাদর গায়ে জড়িয়ে ধুলোমাখা পথে হেঁটে হেঁটে বাড়ি ফিরছিলেন। শীতের রাত। কেউ বাইরে নেই বললেই চলে। মাঝে মাঝে দূর থেকে শিয়ালের অদ্ভুত ডাক ভেসে আসছিল। হঠাৎ মামার চলার পথের কিছুটা সামনে একটা কাফনে মোড়ানো মৃত মানুষ দেখা যাচ্ছিল। তিনি ভয় না পেয়ে সামনের দিকে হাঁটতে লাগলেন কিন্তু কাফনে মোড়ানো লাশটি যেন তার সামনের পথ আগলে দাঁড়িয়ে আছে। মামা সাহসী ছিলেন বলে ঘাবড়ালেন না। তিনি চিন্তা করলেন যে, ভালো করে দেখতে হবে আসলে জিনিসটা কী? মামা যত সামনে এগিয়ে যান, কাফনে-ভরা লাশটাও সামনেই নির্দিষ্ট দূরত্বে থাকে। সামনে থেকে যেন কিছুতেই সরছে না। তখন মামার মনে কিছুটা ভয় অনুভব করলেন। এভাবে কিছু দূর যাওয়ার পর সে সাদা জিনিসটা স্পষ্ট দেখতে পেলেন। আর তখন যা দেখলেন, তা হলো একটা সাদা কাফনে চকলেটের মতো করে মোড়ানো লাশ। মামার হাত-পা তখন যেন অবশ হয়ে যাচ্ছিল। শরীরটাও ঘামতে শুরু করলো। তিনি তখন চিন্তা করলেন যে, যেকোনো ভাবেই সামনের দিকে এগিয়ে যেতে হবে। বুকে সাহস নিয়ে একপা দুপা করে সামনের দিকে এগুতে লাগলেন মামা। চোখের পলকে হঠাৎ লাশটি উধাও হয়ে গেল। মামা একটু স্বস্তির নিঃশ্বাস ফেললেন। আর কোনো দিকে না তাকিয়ে জোরে জোরে সামনের দিকে হাঁটতে শুরু করলেন। এখানেই শেষ নয়! কিছুদুর যেতেই আবার সেই লাশটা মামার সামনে দাঁড়িয়ে পড়ল ঠিক আগের মতো করে। রাস্তার আশেপাশে কোন বাড়িও নেই যে মামা আশ্রয় নিবেন। তবে কিছুটা দূরে একটা ছোট দোকান আছে। আর দোকানদার দোকানেই রাতে শুয়ে থাকে। তাই তিনি চিন্তা করলেন যেভাবেই হোক ঐ দোকানটি পর্যন্ত তাকে যেতেই হবে। দোয়া-কালাম পড়তে পড়তে মামা দোকান পর্যন্ত গেলেন। দোকানদারকে জোরে জোরে ডাকতে শুরু করলেন। মামার ডাকে কিছুক্ষণ পর দোকানদার দোকানের দরজা খুলে বেরিয়ে এল। মামার ওপর ভীষণ রাগান্বিত হয়ে বলল, "এত রাতে ডাকাডাকি করছেন কেন?" মামা তখন জবাব দিল, "ভাই, আগে আমাকে আপনার দোকানে আশ্রয় দেন। পরে আপনাকে সব বলছি।" পরে দোকানদার মামাকে সেই রাতের জন্য তার দোকানে আশ্রয় দেয়। এরপর সকাল হলে মামা বাড়ি ফিরে আসেন। এই ঘটনার পর মামা শহরের কাজটা ছেড়ে দেন এবং আর কোনোদিন রাতে ঐ পথ দিয়ে চলাচল করেন না।

অবাক করা বিষয় এই যে, কিছুদিন পরে মামার অলৌকিকভাবে মৃত্যু হয়। আরও আশ্চর্যের বিষয় যে, মামার লাশটি কাফনের কাপড়ে মোড়ানো অবস্থায় একটা তুলা গাছে ঝুলছিল। এই ঘটনার পর থেকেই গ্রামের মানুষের মনে ভয় লাগা শুরু হয়। গ্রামের লোকেরা আজও সেই রাস্তাটিকে অভিশপ্ত মনে করে এবং সেখানে সন্ধ্যার পর কেউ যাতায়াত করে না। সেদিন রাতে মামার সাথে সত্যিই কি এমন কোনো ভৌতিক ঘটনা ঘটেছিল? নাকি সবটাই ছিল গভীর রাতে একাকী হাঁটার ফলে সৃষ্ট মনের 'হ্যালুসিনেশন'। নির্জনতা মনে অদ্ভুত প্রতিক্রিয়া সৃষ্টি করে, যার বৈজ্ঞানিক ব্যাখ্যা রয়েছে। এমন তো হতে পারে, মামা অবচেতন মনেই তুলা গাছে উঠে গলায় ফাঁস নিয়েছিলেন। এ জাতীয় অনেক গল্পও পড়েছি, বিশেষ করে হুমায়ূন আহমেদের এসংক্রান্ত প্রচুর গল্প রয়েছে। মামার মৃত্যুর রহস্য আজও কেউ উন্মোচিত করতে পারেনি। পৃথিবীতে এরকম কত কিছুই তো হয়ে থাকে।

সাদ্দান সাঈদ রাতুল
শ্রেণিঃ একাদশ
শাখাঃ পাই
রোলঃ ২০৫৯

হাঁরঘে বাড়ি চাঁপাইনবাবগঞ্জ

চাঁপাইনবাবগঞ্জ জেলা বাংলাদেশের আমের রাজধানী হিসেবে পরিচিত। দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে রাজশাহী বিভাগের অধীনে চাঁপাইনবাবগঞ্জ জেলা। রাজশাহী বিভাগের অন্তর্গত এই জেলাকে কখনো নবাবগঞ্জ এবং চাঁপাই নামে ডাকা হয়। ভারত-পাকিস্তান ভাগের আগে এটা মালদা জেলার একটি অংশ ছিল। মালদা থেকে আলাদা হয়ে পূর্ব পাকিস্তানের অন্তর্ভুক্ত হয় এই জেলাটি। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৮৪ সালে একক জেলা হিসেবে আত্মপ্রকাশ করে।

নবাব আমলে মহেশপুর গ্রামের পঞ্চবটি বা চম্পাবতী মতান্তরে চম্পারানি বা চম্পাবাঈ নামে এক সুন্দরী বাইজি বাস করত। তিনি নবাবদের প্রিয় পাত্রী হয়ে ওঠেন। তার নাম অনুসারে এ জেলাটির নাম রাখা হয় বলে অনেকে মনে করেন। ভাষাবিদ ড. মুহাম্মদ শহীদুল্লাহ-এর 'বাংলা সাহিত্যের কথা' গ্রন্থের প্রথম খন্ডে বর্ণিত হয় যে লাউসেনের শত্রুরা মতিনগর দিয়ে প্রবেশ করেছে। এসবের উপর ভিত্তি করে কোনো কোনো গবেষক চাঁপাইকে বেহুলার শ্বশুরবাড়ি চম্পানগর বলে স্থির করেছেন এবং মত দিয়েছেন যে 'চম্পক দল' থেকে চাঁপাই নামের উৎপত্তি।

চাঁপাইনবাবগঞ্জ জেলার অবস্থান বাংলাদেশের মানচিত্রে রাজশাহী বিভাগের নওগাঁ জেলার উত্তরে পদ্মানদীর পাড়ে।

চাঁপাইনবাবগঞ্জ জেলার অর্থনীতির মূল উৎস কৃষি। এ জেলার বেশিরভাগ মানুষই মূলত কৃষিকাজ করে। এ জেলার মানুষেরা মৌসুমী ব্যবসা করে। এগুলোর মধ্যে অন্যতম হলো আমের ব্যবসা। চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ আম ব্যবসার উপযুক্ত স্থান। আমের মৌসুমে শিবগঞ্জ উপজেলা হয়ে ওঠে লোকে লোকারণ্য। এখানে দেশের সবচেয়ে বড় আমের বাজার বসে। এ জেলায় উৎপাদিত আমের মধ্যে আছে ফজলি, ল্যাঙড়া, খিরসা পাতি, আশ্বিনা, বোম্বাই উল্লেখযোগ্য।

বাংলাদেশের লোক-সংগীতের একটি ধারা 'গম্ভীরা'। এই ধারাটির প্রচলন রয়েছে চাঁপাইনবাবগঞ্জে। 'গম্ভীরা' গাওয়া হয় বর্ণনামূলক পদ্ধতিতে। এই 'লোকসংগীত'-এর মুখ্য চরিত্রে নানা-নাতি খুবই জনপ্রিয়। চাঁপাইনবাবগঞ্জের দর্শনীয় স্থান সমূহের মধ্যে রয়েছে ছোট সোনা মসজিদ, তোহাখানা শাহ্ নেয়ামতুল্লাহ-এর মাজার, নাচল রাজবাড়ী, তেঁতুল গাছ ইত্যাদি। শুনেছি স্বপ্নপল্লী কানসাটের জমিদার বাড়ি এখানেই অবস্থিত। চাঁপাইনবাবগঞ্জের মানুষেরা শুদ্ধ বাংলাতে কথা বললে তাদের উচ্চারণে প্রমিত বাংলা থেকে একটু আলাদা হয়ে যায়।

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে চাঁপাইনবাবগঞ্জের অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য। এখানেই সর্বাত্মক যুদ্ধে বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর শহিদ হন। ঐতিহাসিক সোনা মসজিদ প্রাঙ্গণে এই বীরসেনাকে সমাহিত করা হয়।

চাঁপাইনবাবগঞ্জ জেলার উল্লেখযোগ্য ব্যক্তিবর্গ ইলা মিত্র, আলহাজ্ব ডাক্তার মেজবাহুল হক, ডাক্তার মঈন উদ্দিন আহমেদ প্রমুখ। বাংলাদেশে অন্যতম একটি সীমান্ত জেলা চাঁপাইনবাবগঞ্জে ঘুরে আসতে সবাইকে আমন্ত্রণ জানাচ্ছি।

নাফিসা তাসনিম নোসিন
শ্রেণিঃ একাদশ
শাখাঃ মেসন
রোলঃ ১৮২৯

ওসিন থেকে নোসিন, নোসিন থেকে নোসিন-চান

আমার নাম নোসিন। নামটা আমার মায়ের রাখা। এই নামের পিছনের গল্পটা একটু বলি। আমার মা যখন কলেজে পড়তো তখন সে একটা জাপানিজ নাটক দেখতো, সেই নাটকের নাম ছিল "ওসিন"। নাটকের মূল কাহিনি 'ওসিন' নামের এক মেয়েকে ঘিরে। সেই ওসিন থেকেই আমার নাম রাখা হয় নোসিন। যদিও এই গল্প আগে জানতাম না, কিছুদিন আগে জেনেছি।

এবার আসি আমার জাপান যাওয়ার গল্পে। ছোটবেলা থেকে পড়াশোনায় খুব বেশি খারাপ না হলেও খুব যে ভালো তাও না। পড়ার মধ্যে অঙ্কটাই একটু পছন্দ ছিল। কিন্তু যা করতে বেশি ভালোবাসতাম তা হলো নাচ, বিতর্ক, বিজ্ঞান মেলা এসব। জাপানের সাবেক প্রধানমন্ত্রী আমাদের বয়সী হাইস্কুল পড়ুয়াদের জন্য এক স্কলারশিপের ব্যবস্থা করে। যেটির মাধ্যমে সেখানে এক বছর জাপানিজ হাইস্কুলে পড়া যাবে এবং জাপানে থাকা যাবে। সবচেয়ে মজার ব্যাপার হলোঃ পুরো খরচ বহন করবে জাপান সরকার। প্রাথমিক বাছাইয়ের পর যখন আমাকে ইন্টারভিউতে ডাকে একটু ভয়ই পেয়েছিলাম। বিশ্বাস হচ্ছিলো না যে, আসলেই আমাকে ডেকেছে কিনা। এরপর একে একে সবগুলো ধাপে টিকে গেলাম। সুযোগ পেয়ে যাই বাংলাদেশকে রিপ্রেজেন্ট করার। ছোটবেলায় যখন ডোরেমন দেখতাম, ভাবতাম ইশ! আমি যদি এমন একটা ক্লাসরুমে ক্লাস করতে পারতাম। ভাবিনি তখন আমার এই স্বপ্নও কোনোদিন সত্যি হবে। আমার সকাল থেকে বিকাল পর্যন্ত স্কুল থাকতো। এরপর বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ক্লাব। জাপানিজ হাইস্কুলের ক্লাবগুলো একদমই ভিন্ন। তারা ক্লাব নিয়ে খুবই সিরিয়াস। সেখানে প্রতিটি শিক্ষার্থীকে চেনা যায় তাদের ক্লাব দিয়েই। আর এতগুলো ক্লাব গুণে শেষ করা যাবে না। যেমন- টি সিরেমোনি ক্লাব, ক্যালিগ্রাফি, আর্চারি, জুডো, বাস্কেটবল, ফুটবল, সাইন্স, ফটোগ্রাফিসহ হরেক রকম ক্লাব। ক্লাব শেষ করে যেতেই সাতটা বেজে যেত। বলা যায়, দিনের তিন ভাগ সময় স্কুলেই কাটত। জাপানিরা ইংরেজি তেমন বোঝে না বলে জাপানি ভাষাই বেশিরভাগ সময় ব্যবহার করা লাগত। আমার ক্লাসের বন্ধুরা আমাকে নোসিন-চান বলেই ডাকত। মূলত জাপানিরা নামের শেষে চান, সান, কুন যোগ করে সবাইকে সম্বোধন করেন। শীতের ছুটির সময় আমি জাপানিজ হোস্ট ফ্যামিলিতে ছিলাম। মূলত এটিও এই স্কলারশিপের অন্তর্গত। আমার হোস্ট ফ্যামিলিতে আমার হোস্ট মা-বাবা, ভাইবোন এবং দাদা-দাদি ছিলেন। তাদের সাথেই আমার পুরো শীতের ছুটি কেটেছে। তাদের সাথে নানা জায়গায় ঘুরে বেড়িয়েছি। ডিজনিল্যান্ড থেকে শুরু করে স্কী করা; কতই না নতুন নতুন এক্সপেরিয়েন্স হয়েছে।

জাপানে যাবার আগের 'আমি' এবং এই নতুন 'আমি'-তে বিস্তর পার্থক্য। মাত্র ১৭ বছর বয়সে একা একটা ভিন্ন দেশে যাওয়া সত্যিই বিস্ময়কর। ভিনদেশি ভাষা, সংস্কৃতি, খাবার; সবকিছুর সাথে নিজেকে মানিয়ে নেয়া একটা বড় চ্যালেঞ্জ ছিল। সবচেয়ে বড় কথা, আমি বাংলাদেশকে সকলের সামনে তুলে ধরতে পেরেছি। এটিই সবচেয়ে বড় আনন্দের ও গর্বের। আমাদের জীবনটা খুব ছোট। প্রতিটি দিন খুব দামি। আমাদের উচিত প্রতিটি দিন নতুন কিছু শেখার চেষ্টা করা ও জীবনটাকে উপভোগ করা।

সুরাইয়া ইসলাম রাণী
শ্রেণিঃ একাদশ
শাখাঃ আলফা
রোলঃ ১২৩৩

SIR-(নিকাসা)

০৩ মার্চ ৩৮২২,

আমি SIR, Researcher of Aeronautics and Space Administration of Earth (ASAE) on CaNiA (কানিয়া) planet. এই সংস্থার পূর্বের নাম ছিল NASA। CaNiA planet- হল এমন একটি গ্রহ যার মাটির রং সাদা আর নীলে মিশ্রিত এবং আকাশের রঙ কালো। প্রাচীন বিজ্ঞানের সমৃদ্ধ ভাষা ল্যাটিনের নীল (Caeruleum), কালো (Nigrum), সাদা (Album) এসব শব্দের মিশ্রণ করে গ্রহটির নাম দেওয়া হয় CaNiA planet। বাংলা ভাষায় নাম দিলে, নীল, কালো, সাদার প্রথম অক্ষর নিয়ে এর নাম হয়তো হতো নিকাসা। সে যাই হোক, ১০ই মার্চ ৩৮২২-এ মানুষ হিসেবে আমিই প্রথমবারের মতো যাচ্ছি সেই CaNiA planet-এ।

আমার জমজ বোন আছে নাম MIR.... বর্তমান যুগে এ ধরনের নামেরই প্রচলন। অতীতের বিষয়ে বরাবরই খুব আগ্রহ আমার। অতীতের বেশ কয়েকটি ভাষা আমার আয়ত্তে আছে, যেগুলোর মধ্যে বাংলা ভাষা অন্যতম। এ ভাষার ওপর এক বিশেষ টান অনুভব করি। কারণ আমি শুনেছি এই ভাষার জন্যই ইতিহাসে প্রথম প্রাণ দিয়েছিলো এক জাতি। তাও প্রায় দেড়-দুহাজার বছর আগের কথা। পুরনো ইতিহাস ঘাঁটতে ঘাঁটতে দেখলাম কোন এক যুগে মানুষ নাকি মোবাইল ফোন নামক এক ধরনের ডিভাইসের মাধ্যমে অডিও/ ভিডিও কনফারেন্স বা ভিডিও কলের মাধ্যমে কথা বলত, আবার পৃথিবীর মাঝেই যাতায়াতের জন্য তারা যানবাহন ব্যবহার করত। এখন এগুলো শুনলেই কতটা কাল্পনিক মনে হয়... এখন তো আমাদের প্রত্যেকের সাথেই ইলেকট্রনিক ড্রপস রয়েছে, যার মাধ্যমে আমরা যে কারো অনুমতি নিয়ে আলোর বেগের সাথে সাথেই তার সাথে সামনা-সামনি দেখা করতে পারি। যেখানে ইচ্ছা, সেখানে যখন খুশি তখন ASAE-এর তত্ত্বাবধানে উপস্থিত হতে পারি... আগের যুগে এধরনের চিন্তাকেই নাকি ভূতুরে হিসেবে বিবেচনা করা হতো...

সে কালের বিখ্যাত বিজ্ঞানী আইনস্টাইন বলেছিলেন, "আলোর বেগের চেয়ে দ্রুত চলাচল করা কখনোই সম্ভব নয়"। আজকের পৃথিবী এ অসম্ভবকেও সম্ভব করে দেখিয়েছে।

দেখতে দেখতে মার্চের ১০ তারিখ চলে এলো। এবার আমার সেই বহুল প্রত্যাশিত ভ্রমণে যাবার পালা। আমার স্প্রেডশিট চালু হলো। টার্গেট; অন্তত ১ ঘন্টা CaNiA planet-এ টিকে থাকতে হবে। আমার কানে কিছু একটা ক্ষীণ আওয়াজ আসছে। সফলতার সাথে CaNiA-তে অবতরণ করলাম, সাথে থাকা স্টিকাসে (ঘড়ি) সময় ধরে ঠিক ১ ঘন্টা পর স্প্রেডশিট নিয়ে পৃথিবী অভিমুখে যাত্রা শুরু করলাম। আমার কানে এখনো কিছু একটা আওয়াজ আসছে। বলে রাখা ভালো, পৃথিবী হতে যাত্রাকালে স্প্রেডশিট চালু হবার ৩-৪ মিনিটের মধ্যেই ASAE-এর সাথে আমার প্রটোকল নষ্ট হয়ে গিয়েছিল। যাই হোক, নিজের গবেষণার সফলতায় উচ্ছ্বসিত হয়ে মাত্র ৫.৫৫ মিনিটেই আমি ASAE-এর সাথে কানেক্টেড হয়ে স্পেডশিট থেকে পৃথিবীর মাটিতে পা রাখি। যদিও মাটি বলা ভুল হবে। এখন পৃথিবীতে শুধু বেশ কয়েকটি বিখ্যাত গবেষণাকেন্দ্র ছাড়া আর কোথাও মাটি পাওয়া যায় না।

সে যাই হোক, পৃথিবীতে ফেরার পরেই ঘটে এক অবিশ্বাস্য ঘটনা। সবাই আমাকে খুব অবাক চোখে দেখছে, তাদের সাথে আমিও অবাক হই তাদের এমন মুখভঙ্গি দেখে। মনে হচ্ছে আমার ফিরে আসাটা যেন কেউ কল্পনাই করতে পারেনি। তবে এর পাশাপাশি আরো একটি অবাক করা ঘটনা ঘটে। সেটা হলোঃ আমার সামনে থাকা মানুষগুলোর বাহ্যিক কাঠামো আমি ১ ঘন্টা আগে যেমন দেখেছিলাম, এখন সেই অবস্থার সাথে অবিশ্বাস্য অমিল দেখতে পাচ্ছি এবং আশপাশের পরিবেশটাও যেন সম্পূর্ণ ভিন্নরূপ ধারণ করেছে। সেই আওয়াজটা আমি এখনো শুনতে পাচ্ছি। আমাকে দেখে সবাই খুব দ্রুত আমার পরিবারকে জানাল। সেখানে উপস্থিত একজনের সাথে কথা বলে জানতে পারলাম, এখন আমার পরিবারের মধ্যে শুধু আমার বোন মির বেঁচে আছে। আমি একের পর এক মানুসিক ধাক্কা খেয়ে যাচ্ছি। ১০-১২ সেকেন্ডের মধ্যে মির আমার সামনে আসে। ওকে দেখে আমি স্তম্ভিত। ওকে প্রায় ৫৫ বছর বয়স্কা এক বৃদ্ধার মত দেখাচ্ছে। পরে ধীরে ধীরে আমরা বিষয়টি বুঝতে পারলাম যে, আমার CaNiA planet-এ কাটানো ১ ঘন্টার সাথে সাথে পৃথিবীতে প্রায় ২৪ বছর ১০ মাস ২২ ঘন্টা ৩ মিনিট ১০ সেকেন্ড অতিবাহিত হয়ে গেছে। প্রায় ১৮০০ বছর পূর্বের বিজ্ঞানীরা যাকে বলতেন টাইম ট্রাভেলের মাধ্যমে ভবিষ্যতে যাওয়া; অর্থাৎ ১ ঘণ্টা ১০ মিনিট ৪৫ সেকেন্ডের যাত্রায় আমি প্রায় ২৫ বছর ভবিষ্যতের পৃথিবীতে চলে এসেছি। উল্লেখ্য যে, আমার নিজের জমজ বোনসহ তৎকালীন সময় পৃথিবীতে বসবাসরত সকলের বয়স এবং বাহ্যিক পরিবর্তন পৃথিবীর ২৫ বছরের সাথে হলেও আমার পরিবর্তন স্বাভাবিক ১ ঘন্টার মতোই ছিল।

হঠাৎ এক ঝটকা পানি আমার মুখে এসে পড়লো। চোখ মুছতে মুছতে তাকাতেই দেখি আমার মায়ের অগ্নিমূর্তি। এখন সকাল ৭:৪৫ বাজে আর আমার কলেজ ৮টায়। মা ১ ঘণ্টা ধরে আমাকে ডাকছে, সেই আওয়াজটাই আমি বারবার শুনতে পাচ্ছিলাম আমার স্বপ্নের মধ্যে। অবশেষে, আমার মুখে ছুড়ে মারা পানির গ্লাসটি তার হাতেই আছে এবং সাথে তার অগ্নিচক্ষু দুটি ড্যাব ড্যাব করে দেখছে আমায়। মা তো জানে না যে, তার মেয়ে এতক্ষণ ঘুমোচ্ছিল না; সে তো 'নিকাসা' থেকে ঘুরে এসেছে!

মোঃ নাইমুল ইসলাম (নয়ন)
শ্রেণিঃ একাদশ
শাখাঃ লোটাস
রোলঃ ৩২৭৭

মিশর রহস্যঃ

পিরামিডের রোমাঞ্চিত অধ্যায়

আফ্রিকা মহাদেশের একটি মুসলিম রাষ্ট্র মিশর। মিশরে রয়েছে হাজার বছরের পুরোনো ইতিহাস, ঐতিহ্য এবং অনেক অজানা রহস্য। আজ থেকে প্রায় ৫০০০ বছর পূর্বে মিশরের সাক্কারাতে পৃথিবীর প্রথম পিরামিড তৈরি হয়েছিল বলে জানা যায়। প্রায় ৪৫০০ বছর পূর্বে মিশরের গিজে শহরের ফারাও সম্রাট খুপুর পিরামিড তৈরি করা হয়েছে।

প্রায় ২৫ লাখ পাথর দিয়ে ৭৫০ বর্গফুট জমির উপর তৈরি এই পিরামিডের প্রতিটি পাথরের ওজন ২৫ টন। ডিজাইন ও গঠন-কৌশল দেখে অনেকেই বলতে শুরু করে এগুলো বহির্বিশ্বের অতি বুদ্ধিমান এলিয়েনদের তৈরি।

মিশরীয়রা বিশ্বাস করত যে, মৃত্যুর পরও তাদের আরেকটা জীবন আছে। তাই তারা মৃতদেহ তাজা রাখার জন্য মমি তৈরি করে এবং মিশরীয় বিজ্ঞানীরা এতে সফলও হয়েছে।

এবং এই মমিকে রক্ষার জন্য তারা পিরামিড তৈরি করত। মিশরের সবচেয়ে বড় পিরামিড ফারাও খুপুর পিরামিড। মিশরীয়রা এই পিরামিড ধর্মীয় বিশ্বাস থেকে তৈরি করত। আজও পিরামিড নিয়ে অনেক রহস্য রয়েছে। সবচেয়ে বড় বিস্ময় পিরামিডের ভেতরে। পিরামিডের বাইরে প্রখর সূর্যতাপ থাকলেও এর ভেতরের আবহাওয়া অস্বাভাবিক আর্দ্র থাকে। আর পিরামিডের এখানে-ওখানে মরে পড়ে থাকা বিড়ালসহ অন্যান্য ছোট প্রাণীর মৃতদেহ দেখে আশ্চর্য হতে হয়। সব কয়টি প্রাণীর মৃতদেহ শুকিয়ে মমি হয়ে গেছে। তবুও এগুলো থেকে পচা গন্ধ বের হয় না। ভেতরে কী এমন পরিবেশ আছে যার ফলে এমনটি হয়েছে। আজ থেকে ৩৫০০ বছর পূর্বে প্রিন্সেস মারা যাওয়ার পর তাকে মমি করে রাখা হয়েছিল। ঊনিশ শতকের শেষ দিকে উদ্ধারকৃত এ মমিটি চারজন ইংরেজ কিনে নিতে হোটেলে আসেন। তাদের একজন কয়েক ঘণ্টা পরে হোটেল হতে বেরিয়ে মরুভূমির দিকে হেঁটে চলে যান। পরে তাকে আর খুঁজে পাওয়া যায়নি। দ্বিতীয় জন একজন মিশরীয় ভৃত্যের দ্বারা গুলিবদ্ধ হন। তৃতীয় জন দেশে ফিরে দেখেন ব্যাংকে রাখা তার সব টাকা লোপাট হয়ে গেছে। চতুর্থ জন দেশে ফিরে রোগাক্রান্ত হয়ে পড়েন। শেষ জীবনে তিনি রাস্তায় দিয়াশলাই বিক্রি করতেন। এক মহিলা নোংরা কাপড় দিয়ে মমিটির মুখ মুছে দিয়েছিলেন। পরের দিন তার ছেলে হাম রোগে মারা যায়। একবার এক সাংবাদিক মমিটির ছবি তুলে দেখেন যে রাজকুমারীর মুখের বদলে বীভৎস এক চেহারা। এই ঘটনার পর তিনি আত্মহত্যা করেন। সর্বশেষ মমিটি কিনেন জনৈক মার্কিন প্রত্নতত্ত্ববিদ। ইংল্যান্ড থেকে আমেরিকা যাবার জন্য তিনি টাইটানিক জাহাজে ওঠেন। ধারণা করা হয়, এই অশুভ মমির কারণে নাকি টাইটানিক জাহাজ ডুবে গিয়েছিল। এমন আর অনেক ঘটনা আছে মমি নিয়ে।

যুগে যুগে মানুষ পিরামিড নিয়ে গবেষণা করে আসছে। অনুসন্ধিৎসু মানুষ হয়ত একদিন এই পিরামিডের রহস্য উদ্‌ঘাটন করতে পারবে। তার আগ পর্যন্ত এই পিরামিড নিয়ে তর্ক-বিতর্ক থাকবেই। এলিয়েন নাকি মানুষ তৈরি করেছিল এই পিরামিড? যদি এলিয়েন তৈরি করে থাকে, তাহলে কি প্রাচীন মিশরীয়রা তাদের সাথে যোগাযোগ করত? যদি মানুষ তৈরি করে থাকে, তাহলে মানুষ কেন বিপদে পড়েছে? তবে কি ফারাও রাজাদের অভিশাপ বা জাদু-মন্ত্রের ফলে এসব হচ্ছে? একদিন হয়ত বিজ্ঞানীরা এসব উদ্‌ঘাটন করতে পারবেন।

নাজমুস সাকিব
শ্রেণিঃ একাদশ
শাখাঃ টিউলিপ
রোলঃ ৩০৬০

এক নজরে সিলেটের দর্শনীয় স্থান

বাংলাদেশের উত্তর-পূর্বে অবস্থিত একটি প্রধান শহর সিলেট। সুরমা নদীর তীরে অবস্থিত এ শহরটি দেশের আধ্যাত্মিক রাজধানী হিসেবে পরিচিত। অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর এই সিলেট। চা-বাগান, পাহাড়, ঝরনা, জলাবন, সাদাপাথর, হাওর সব মিলিয়ে এক বৈচিত্র্যময় প্রাকৃতিক সৌন্দর্যের সম্ভার এই সিলেট।

সিলেটের দর্শনীয় স্থানসমূহ

হযরত শাহজালাল (রহঃ) এর মাজার

৩৬০ আউলিয়ার পুণ্যভূমি এই সিলেট বিভাগ। হযরত শাহজালাল (রহঃ) ছিলেন উপমহাদেশের একজন প্রখ্যাত দরবেশ। পীর হযরত শাহজালাল (রহঃ) কে ওলিকুল শিরোমণি বলা হয়। ৩৬০ জন সরফরসঙ্গী (আউলিয়া) সহ হযরত শাহজালাল (রহঃ) এর সিলেট আগমন এক ঐতিহাসিক ঘটনা। হযরত শাহজালাল (রহঃ) এর মাজার শরীফ সকলের কাছেই একটি পুণ্যস্থান। সারা বছরই দেশ বিদেশের বিভিন্ন জায়গা থেকে এখানে ভক্তরা ছুটে আসেন। হযরত শাহজালাল (রহঃ) এর মাজারে এলে আপনাকে যে জিনিসটি সবচেয়ে বেশি আকৃষ্ট করবে; সেটি হচ্ছে মাজারের চারপাশে উড়ন্ত ঝাঁকে ঝাঁকে জালালি কবুতর। এছাড়াও

হযরত শাহজালাল (রহঃ) এর মাজার

মাজারের উত্তর দিকের পুকুরে অসংখ্য গজার মাছ রয়েছে। এগুলোকে মাজারে আসা ভক্তবৃন্দ পবিত্র মনে করে এবং ছোট ছোট মাছ খেতে দেয়। হযরত শাহজালাল (রহঃ) এর মাজার শরীফের দক্ষিণ দিকটিতে একটি গ্রিলবেষ্টিত তারকা-খচিত দুই ফুট চওড়া ঘর আছে। এই ঘরটিকে হযরত শাহজালাল (রহঃ) 'চিল্লাখানা' হিসেবে ব্যবহার করতেন।

হযরত শাহজালাল (রহঃ) ছিলেন একজন বড়ো মাপের ইসলামের প্রচারক ও বীরযোদ্ধা। তার ব্যবহৃত তলোয়ার, খড়ম, বাটি ও প্লেট দেখতে পাওয়া যায় এই মাজারে এলে।

ক্বীন ব্রিজঃ ক্বীন ব্রিজ সিলেটের একটি অন্যতম প্রধান দর্শনীয় স্থান। স্থানীয়ভাবে এই ব্রিজটিকে পুরান পুল বা সুরমা ব্রিজও বলা হয়। ১৯৩৬ সালে আসামের তৎকালীন গভর্নর মাইকেল ক্বীন এই লৌহ নির্মিত ব্রিজটি নির্মাণ করেন। এটি সিলেট শহরের জিরো-পয়েন্টে অবস্থিত।

আলী আমজাদের ঘড়িঃ ক্বীন ব্রিজের পাশেই অবস্থিত আলী আমজাদের ঘড়ি। এটি সিলেটের একটি অন্যতম ঐতিহাসিক নিদর্শন। ১৮৭৪ সালে এই ঘড়িটি নির্মাণ করেন সিলেটের কুলাউড়ার জমিদার আলী আমজাদ খান।

শাহী ঈদগাহঃ শাহী ঈদগাহ সিলেটের একটি প্রাচীনতম ঐতিহাসিক নিদর্শন। ১৭০০ সালের দিকে মুঘল ফৌজদার ফরহাদ খাঁ এই ঈদগাহটি নির্মাণ করেন। এই ঈদগাহটি ১৫টি গম্বুজ দ্বারা সুসজ্জিত। ২২টি সিঁড়ি মাড়িয়ে এই ঈদগাহের মূল চত্বরে প্রবেশ করতে হয়। ঈদগাহটিতে প্রায় দেড় লাখ মুসুল্লি একত্রে ঈদের নামাজ আদায় করতে পারে।

ক্বীন ব্রিজ

আলী আমজাদের ঘড়ি

শাহ পরান (রহ.) এর মাজারঃ হযরত শাহ পরান (রহ.) ছিলেন হযরত শাহজালাল (রহ.) এর সফরসঙ্গী এবং ভাগ্নে। তিনি ছিলেন সোহরাওয়ার্দী ও জালালিয়া তরিকার একজন প্রখ্যাত সুফি দরবেশ। শাহ পরান (রহ.) এর মাজার সিলেটের একটি পূণ্যস্থান। শাহজালাল (রহ.) এর মাজার থেকে শাহ পরান (রহ.) এর মাজারের দূরত্ব প্রায় আট কিলোমিটার। মাজারটি সিলেট শহরের পূর্ব দিকে খাদিমনগর এলাকায় অবস্থিত।

জাফলংঃ সিলেটের প্রাকৃতিক সৌন্দর্যের মধ্যে অন্যতম জাফলং 'প্রকৃতি-কন্যা' হিসেবে পরিচিত। খাসিয়া-জৈন্তা পাহাড়ের পাদদেশে অবস্থিত প্রাকৃতিক সৌন্দর্যের অপরূপ লীলাভূমি এই জাফলং। উঁচু পাহাড়, স্বচ্ছ জল আর রকমারি নুড়ি পাথরের সমন্বয়ে সুসজ্জিত জাফলং ভারতের আসাম রাজ্যের সীমান্তবর্তী অঞ্চল। ভারতের ডাউকি পাহাড় থেকে অবিরাম প্রবাহিত ঝরনা, ঝুলন্ত ডাউকি ব্রিজ, পিয়াইন নদীর স্বচ্ছ শীতল পানি জাফলং-এ বেড়াতে আসা পর্যটকদের মোহাবিষ্ট করে। পিয়াইন নদীর তীরে স্তরে স্তরে বিছানো পাহাড়ের স্তূপ জাফলংকে আরো দৃষ্টিনন্দন করেছে। প্রতিদিন দেশি-বিদেশি হাজার হাজার পর্যটকের সমাগম

শাহ পরান (রহ.) এর মাজার

জাফলং

ঘটে এখানে।

বিছানাকান্দিঃ সিলেটে বেড়াতে আসা পর্যটকদের জন্য আরেকটি বড় আকর্ষণীয় ভ্রমণস্পট হলো বিছানাকান্দি। সিলেটের গোয়াইনঘাট উপজেলায় ভারতীয় সীমান্তবর্তী গ্রাম বিছানাকান্দি। জাফলং ও ভোলাগঞ্জের মত বিছানাকান্দিও একটি পাথর-খনি অঞ্চল। উঁচু পাহাড় ঘেরা সবুজের মায়াজাল থেকে নেমে আসা ঝরনার শীতল পানির অস্থির বেগে বয়ে চলা মন কাড়বে যে কারোরই। বর্ষায় যখন থোকা থোকা মেঘ আটকে থাকে পাহাড়ের গায়ে, তখন মনে হয় মেঘেরা যেন বাসা বেঁধেছে পাহাড়ের কোলে। পাহাড়, ঝরনা, নদী আর পাথরের অপরূপ প্রাকৃতিক সৌন্দর্য বিছানাকান্দিকে সাজিয়েছে এক অপার সৌন্দর্যের লীলাভূমি হিসাবে।

রাতারগুল সোয়াম্প ফরেস্টঃ রাতারগুল সোয়াম্প ফরেস্ট বাংলাদেশের একমাত্র মিঠাপানি বা স্বাদু পানির জলাবন ও বন্যপ্রাণীর অভয়ারণ্য। এটিও সিলেটের গোয়াইনঘাট উপজেলায় অবস্থিত। জীববৈচিত্র্যে সমৃদ্ধ বাংলার অ্যামাজন খ্যাত এই রাতারগুল। এখানে এক গাছ থেকে আরেক গাছে ঘুরে বেড়ায় নানান বন্যপ্রাণী ও পাখি। রাতারগুলের গাছপালার মধ্যে রয়েছে হিজল, করচ, বরুন, পিঠালি, জালিবেত, কদম, ছাতিম, বট, অর্জুন ইত্যাদি এবং প্রাণীদের মধ্যে রয়েছে বিভিন্ন প্রজাতির সাপ, বানর, বেজি ও গুঁইসাপ ইত্যাদি এছাড়া পানকৌড়ি, টিয়া, সাদাবক, ঘুঘু, বাজপাখি, চিল, বুলবুলি, মাছরাঙা, কানা বক ইত্যাদি বিচিত্র প্রজাতির নানা বর্ণের পাখির কল-কাকলিতে মুখরিত এ বনাঞ্চল। শীতকালে পৃথিবীর নানা জায়গা থেকে আসে পরিযায়ী পাখি ও বালিহাঁস; আসে বিশালাকার শকুনও। রাতারগুলের জলাশয়ে রয়েছে দেশি প্রজাতির সুস্বাদু মাছ। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য পাবদা, টেংরা, খালিসা, রুই, কালবাউস, রিঠা ইত্যাদি। রাতারগুলের প্রাকৃতিক বৈচিত্র্য এক কথায় অনন্য।

সাদা-পাথর সমৃদ্ধ ভোলাগঞ্জঃ সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলায় ভারতীয় সীমান্তবর্তী ধলাই নদীর উৎসমুখে অবস্থিত ভোলাগঞ্জ সাদা পাথরে সমৃদ্ধ একটি দর্শনীয় অঞ্চল। এখানে ধলাইয়ের স্বচ্ছ নীল জল, সাদা পাথর এবং পাহাড়ের সবুজ মিলেমিশে যেন একাকার হয়ে গেছে। স্বচ্ছ নীল জলে পা ভিজিয়ে মেঘালয়ের সবুজ পাহাড় আর মাথার ওপর সূর্যের উত্তাপ দারুণ এক রোমাঞ্চকর অনুভূতির জন্ম দেয়। এখানে বৃষ্টিস্নাত প্রকৃতি যেন সেজে ওঠে সবুজের আচ্ছাদনে। দূর থেকে মেঘালয়ের সবুজ পাহাড়গুলো যেন ডাকে, 'আয়! আয়! আয়!...। সারাবছরই পর্যটকদের পদভারে মুখরিত থাকে ভোলাগঞ্জ।

মালনীছড়া চা-বাগানঃ সিলেটের একটি অন্যতম দর্শনীয় স্থান মালনীছড়া চা-বাগান। ১৮৫৪ সালে ১৫০০ একর জায়গা জুড়ে এই চা-বাগানটি গড়ে তোলা হয়। এটি উপমহাদেশের সর্বপ্রথম প্রতিষ্ঠিত চা-বাগান। এটি সিলেট শহরের জিরো পয়েন্টের ৫ কিলোমিটারের মধ্যেই অবস্থিত। চা-বাগান মানেই হলো দিগন্ত-প্রসারী সবুজের মাঝে ছায়াবৃক্ষের মিলনমেলা। ভ্রমণবিলাসী পর্যটকদের জন্য এই চা-বাগানটি সবসময়ই পছন্দের স্থান। সিলেট শহরের একেবারে কাছাকাছি এর অবস্থান হওয়ায় প্রতিদিনই পর্যটকদের ভিড় বাড়ছে এখানে।

বিছানাকান্দি

চাবাগান

অভিষেক দাস
শ্রেণিঃ একাদশ
শাখাঃ ডেল্টা
রোলঃ ১০৪১

অন্তিম বার্তা

১

আমি আমার ৬৩ বছরের সুদীর্ঘ জীবনে কিছু বিতর্কিত সিদ্ধান্ত নিয়েছি, তবে এই সিদ্ধান্তে আমার আদতে কোনো আক্ষেপ নেই। চার বছর ধরে এই বৃদ্ধাশ্রমে আছি। কখনো মনে হয়নি যে আমি কোনো কষ্টে আছি বা আমার জন্য কেউ ভাবার নেই। তবে, আজ মনে হচ্ছে, আমার সময় ফুরিয়ে এসেছে। শরীরটা বেশ ভারী হয়ে আসছে, বেশ ক্লান্ত লাগছে...

২

৬ই সেপ্টেম্বর। হ্যাঁ, তারিখটা এখনো মনে আছে। তবে সালটা ঠিক মনে নেই তবে হয়তো ২০০০ বা ২০০১ সাল। এখানে এসে কিছু অস্বস্তিকর সমস্যায় ভুগতে হয়েছে, অস্বীকার করব না। বৃদ্ধাশ্রমের ফরমে এখানে আসার কারণটা লিখতে বেশ কিছুক্ষণ মাথা ঘামাতে হয়েছে। আসার কারণ দেখে আশ্রমের কর্মচারীগণ আমার আবেদন ফরমটা গ্রহণ করতে চায়নি। তবে হামিদা আপার সাথে কথা বলার পর তারা আমার অবস্থা বিবেচনা করলেন। উল্লেখ্য, আনোয়ার সাহেব এবং তার স্ত্রী, হামিদা আপা এই বৃদ্ধাশ্রম ও সংলগ্ন

এতিমখানার মালিক। শিল্পপতি হওয়ার দরুন তাদের অঢেল সম্পদ রয়েছে। সেই সম্পদের কিছু অংশ তারা এই দুটি দাতব্য প্রতিষ্ঠান চালাতে ব্যবহার করেন। তবে, তাদের আচার ব্যবহারে সেই সম্পদের ঐশ্বর্য বা অহংকার কখনো দেখিনি। প্রকৃত মাটির মানুষ বললেও তাদের কম বলা হবে।

৩

জায়গাটা মন্দ নয়। বেশ খোলামেলা এবং গাছগাছালিতে ঘেরা। সুখের কোনো কমতি নেই। সর্বদা আয়ারা আমাদের খেয়াল রাখেন। খাবার-দাবারের এলাহি আয়োজন তো রয়েছেই। যদিও আমি নিরামিষভোজী, সে ব্যাপারে আমার তেমনি কিছু যায় আসে না। অবশ্য বয়স্ক বন্ধু-বান্ধবীদের সাথে গল্প করে সময় বেশ ভালই কাটে। টুক-টাক কিছু কাজও করি এখানে। এতিমখানার বাচ্চাদের পড়িয়ে সময়টা বেশ কেটে যায় এখানে। এ কাজটা আমি আমার নিজের ভালো লাগার জন্যই নিয়েছি। এই কচি-কাঁচাদের সাথে সময় কাটাতে আমার খুব আনন্দ লাগে। তাদের মধ্যে শেখার আগ্রহ ও কৌতূহল দেখে আমি বিস্মিত হই। ওদের মধ্যে আমি যেন আমার ছেলেদের খুঁজে পাই।

৪

আমার বয়স তখন ২২ কি ২৩ বছর। মধ্যবিত্ত পরিবারে আমার বিয়ে হয়। আমার স্বামী ছিলেন ব্যবসায়ী। ব্যবসার উন্নতির ফলে আমাদের সংসার বেশ সুখে-শান্তিতে কাটে। তবে সব সুখেরই তো শেষ আছে। আমার স্বামী ট্রেন দুর্ঘটনায় অকালে মৃত্যুবরণ করেন। নিজেকে তখন বেশ অসহায় লাগছিল। তবে বড় খোকা তার বাবার ব্যবসাটা শক্ত হাতে ধরতে সক্ষম হয়েছিল। কিন্তু বিয়ের পর বড় খোকা যেন আমাকে ঘৃণার চোখে দেখতে শুরু করে। হয়তো মনে মনে ছেলে ও বৌমা আমার পটল তোলার জন্য প্রার্থনা করত। এক পর্যায়ে অবশ্য পুরো ব্যবসা এবং আমার নামে থাকা আমার স্বামীর বাড়িটাও বড় ছেলে দখল নেয়। ছোট ছেলে সম্পত্তির বিন্দুমাত্র ভাগ পায়নি। অবশ্য আমি এজন্য বড় ছেলে বৌকে কখনোই দোষ দেব না। হয়ত আমি আমার বড় ছেলেকে ঠিকভাবে মানুষ করতে পারিনি। খামোখা পরের মেয়েকে তো দোষ দিয়ে লাভ নেই। আমার ছোট খোকা বিয়ের পরও আমার দায়িত্ব নিতে ভুলেনি। সে ছোট একটি চাকরি করে। একটি কন্যা-সন্তানও আছে তার।

তারপরও সে আমার দায়িত্ব নিতে কুণ্ঠাবোধ করেনি। আসলে তার সংসারে টানাটানি দেখে আমারই মনে হয়েছে আমি তাদের বোঝা হয়ে থাকছি। ছেলের চাকরি ও ছোট বৌমার সাংসারিক ব্যস্ততার কারণে আমার এই বৃদ্ধ বয়সে যতটুকু পরিচর্যা ও যত্ন দরকার তা পাচ্ছি না। আমি এ ব্যাপারে ওদেরকে জোরও করতে পারছি না। অগত্যা আমি স্বেচ্ছায় বৃদ্ধাশ্রমে যেতে সিদ্ধান্ত নিই। কথাটি আমি ওদেরকে চিঠির মাধ্যমে জানিয়ে দেই। আমার কিছু গহনা ছোট ছেলের জন্য চিঠির সাথে রেখে আসি। অবশ্য আমি এ আশ্রমের ঠিকানা চিঠির কোথাও উল্লেখ করিনি। ভাবছি ছেলে ও ছেলের বউ আমাকে এ জন্য ক্ষমা করে দিবে।

৫

হামিদা আপা গতরাত থেকে আমার শিয়রে বসে রয়েছেন। দুদিন ধরে আমার শরীরটা বেজায় খারাপ করেছে। বুকে প্রচন্ড ব্যথা আর জ্বরে একদম কাবু। ডাক্তার সাহেব এসেছিলেন বটে, তবে তিনি আশা ছেড়ে দিয়েছেন। আমার সমবয়সী বন্ধুরা আমার বিছানার চারপাশে বসে যে যার মতো উপর ওয়ালার কাছে প্রার্থনা করছে। দরজার বাইরে বাচ্চাগুলো কান্নার রোল বইয়ে দিচ্ছে। এ অবস্থায় আমি নিজেকে বেশ ভাগ্যবতী বোধ করছিলাম। শরীরটা কেন জানি না বেশ হালকা হয়ে আসছে। হামিদা আপা আমার হাত ধরে, 'অনুপমা দিদি' বলে কাঁদছিল। সত্যিই এই জীবনে আমার আর কোনো আক্ষেপ নেই। কিন্তু শেষ মুহূর্তে একটা চেনা স্বর যেন আমাকে 'মা' বলে ডাকলো....

শেষ নিঃশ্বাসটুকু ফেলার আগে অনুপমা শুধু বলেছেন .... 'খোকা' .....

অতনু মল্লিক
শ্রেণীঃ দ্বাদশ
শাখাঃ মেসন
রোলঃ ১৮৬৩

আমার প্রাণী পরিবার

আমি অতনু। ছোটবেলা থেকেই পশু পাখির প্রতি ভালোবাসা আমার একটু বেশি। খাওয়ার জন্য কিনে আনা মাছ পানিতে রাখতাম যদি বাঁচাতে পারি। কুকুরকে দেখলে সব সময় বিস্কুট খেতে দিতাম। তবে ছোট বেলায় আমার নিজের কোনো পোষ্য ছিল না। এখন দ্বাদশ শ্রেণিতে পড়ছি। হোমো স্যাপিয়েন্স বাদে বর্তমানে আমাদের পরিবারের সদস্য সংখ্যা পনেরো। তাদের নিয়েই আজকের এই গল্প। প্রকারভেদে ভাগ করলে এরা মোট পাঁচ প্রকারের প্রাণী। পশু, পাখি, মাছ, উভচর এবং সরীসৃপ। আমার বর্তমানে একটি বিড়াল, দুইটি পাখি, তিনটি মাছ, ছয়টি কাসিম, একটি কচ্ছপ ও দুটি সালামান্ডার (পানির টিকটিকি) রয়েছে।

প্রত্যেকটি প্রাণী নিয়েই কিছু মজাদার গল্প এবং অজানা তথ্য রয়েছে। ওদের নিয়েই আজকে আমার এই গল্প।

১. বিড়াল ঃ আমার বিড়ালের নাম লিম্বো (limbo)। ও একটি দেশী প্রজাতির সম্পূর্ণ কালো বর্ণের ছেলে বিড়াল। ওর বর্তমান বয়স দেড় বছর। লিম্বোর বয়স যখন দুই মাস চার দিন, তখন আমি ওকে এনেছিলাম। ওর কিছু বিশেষ বৈশিষ্ট্য রয়েছে। যেমন: ওর নাম ধরে ডাক দিলে চলে আসে, সব সময় নিজের টয়লেটে গিয়ে টয়লেট করে, নিজের খাবার ছাড়া অন্য কিছুতে কখনো মুখ দেয় না। এবং বিশেষ দিনগুলোতে রোজা রাখে। যেমন: পূর্ণিমা, অমাবস্যা, ঈদ, পূজা ইত্যাদি। এখনো পর্যন্ত এর কারণ উদঘাটন করতে পারি নি আমরা। কালো বিড়াল অশুভ বা অমঙ্গল আনে এই কুসংস্কার কে মিথ্যা প্রমাণের জন্য সম্পূর্ণ কালো রঙের বিড়াল আনা। লিম্বোকে আনার পর আমাদের পরিবার আরও প্রাণোচ্ছল হয়ে উঠেছে। ওর প্রিয় খাবার ক্যাট ফুড, কপিলা মাছ ও কুমড়া।

২. টিয়াপাখি ঃ আমার টিয়া পাখির নাম গুচী (Gucci)। ও

ইন্ডিয়ান রিংনেক প্রজাতির একটি মেয়ে পাখি। টিয়া পাখি আমাদের দেশের একটি বন্য পাখি যা পালন বা কেনা-বেচা আইনত দণ্ডনীয় অপরাধ। তবে গুচীকে রেসকিউ করা। ওর বয়স যখন তিন বা চার, চোখ তখনো ফোটেনি আমার বাবা ওকে পেয়েছিল। সেই তিন-চার দিন বয়স থেকে আজ ওর বয়স প্রায় পাঁচ বছর। ও খুবই বুদ্ধিমতী ও শান্ত প্রকৃতির। ঘরের মধ্যে ছেড়ে দেওয়া থাকে, তবে ওর প্রিয় জায়গা ওর খাঁচা। বাইরে ঘুরেফিরে নিজেই খাঁচায় চলে আসে। ও নিজের নাম বলতে পারে, শিস বাজাতে পারে। ওর আনন্দ, রাগ, দুঃখ, অভিমান সকল অনুভূতিগুলো আমি এখন বুঝতে পারি। বন্য পাখি পোষ্য হিসেবে পালা ঠিক নয় তবে গুচী একদম ছোট থেকেই ঘরে এবং মানুষের সংস্পর্শে বড় হয়েছে। তাই ওকে বন্য পরিবেশে অবমুক্ত করা হলে পরিবেশের সাথে খাপ খাওয়াতে পারবে না। দুইবার প্রকৃতিতে অবমুক্ত করার পরও ও আবার ফিরে এসেছে। তাই এখন সব সময় আমার সাথেই থাকে। ওর প্রিয় খাবার সূর্যমুখীর বীজ ও বিভিন্ন ধরনের ফল।

৩. কাকাতুয়া পাখি ঃ আমার কাকাতুয়া পাখির নাম ণক্কী (Gnocchi) ও ককাটেল প্রজাতির একটি ছেলে পাখি। ককাটেল খাঁচার পাখি। পোষ্য হিসেবে এরা বিশ্ববিখ্যাত। ণক্কীর যখন আঠারো দিন বয়স, তখন ওকে আমি কিনে আনি। এখন ওর বয়স প্রায় আড়াই বছর। ও একটু সরল প্রকৃতির। খাওয়া-দাওয়া ছাড়া আর কিছু বোঝে-না। ঘুমাতে ঘুমাতে হঠাৎ পড়ে যায়। রাত তিনটা-চারটার সময় হঠাৎ ওড়াউড়ি শুরু করে। তবে ওর বিশেষ গুণগুলো খুব আনন্দদায়ক। ও শিস বাজিয়ে গান গাইতে পারে, বিভিন্ন পাখির ডাক নকল করতে পারে। ওকে দেখলেই মনটা ভালো হয়ে যায়। প্রাপ্তবয়স্ক হলেও ওর স্বভাব সদ্য ডানা গজানো বাচ্চা পাখির মত। ও সবকিছুই খায়।

৪. গজার মাছ (Channa Marulius) ঃ গজার মাছ স্নেক হেড স্পিসিস এর একটি প্রজাতি। আমার একটি গজার মাছ আছে। এটি একটি রাক্ষুসে মাছ। বাংলাদেশের প্রায় সর্বত্রই পাওয়া যায়। গজার মাছ বেশ সুস্বাদু ও পুষ্টিগুণ সম্পন্ন। তবে আমার এই গজার মাছ পালনের আগ্রহ হয়েছিল আমাদের দেশের একটি প্রচলিত কুসংস্কার শোনার পর থেকে। গজার মাছকে ভূতের প্রিয় মাছ বলা হয়। তবে কোন জায়গা থেকে সংগ্রহ করতে পারছিলাম না পরে একদিন আমার মা বাজারে আধমরা গজার মাছ দেখতে পেয়ে কিনে নিয়ে এসেছিল। ছয় থেকে সাতটা মাছের মধ্যে একটিকে বাঁচাতে পেরেছিলাম এবং সেই গজার মাছটি প্রায় দেড় বছর ধরে আমার কাছে। ও একা একটি বড় অ্যাকোয়ারিয়ামে থাকে। ওর প্রিয় খাবার পুঁটি মাছ ও মুরগির মাংস। বেশ রাজকীয় এবং ইন্টারেস্টিং মাছ এই গজার।

৫. টিনফয়েল বর্ব ঃ আমার দুটি টিনফয়েল বর্ব মাছ রয়েছে। ওরা বার্ব (পুঁটি) প্রজাতির মাছ। টিনফয়েল বর্ব এর মধ্যে বিভিন্ন মিউটেশন রয়েছে। আমার মাছ দুটোর মিউটেশন হলো অ্যালবিনো। ওদের বিশেষত্ব ওদের চোখ সম্পূর্ণ লাল এবং দেহ সাদা। মাছ দুটিকে রেসকিউ করা। প্রায় পাঁচ-ছয় মাস ধরে ওরা আমার কাছে আছে। ওরা বেশ লাজুক স্বভাবের ।

৬. রেড ইয়ার্ড স্লাইডার কাছিম (Red Eared Slider) ঃ আমার একটি রেড ইয়ার্ড স্লাইডার ছেলে কাছিম রয়েছে। এরা স্লাইডার প্রজাতির বিদেশি কাছিম। বিশ্বে সর্বাধিক পোষ্য কাছিম হিসেবে এই প্রজাতির কাছিমকে পালন করা হয়। অ্যাকোয়ারিয়াম এর দোকানে সহজেই এদের কিনতে পাওয়া যায়। বর্তমানে কৃত্রিমভাবে এদের প্রজনন করানো হচ্ছে। এরা দেখতে অনেক সুন্দর। মাথার পাশে কানের ন্যায় লাল রঙের চিহ্ন রয়েছে বলে এদের এই নামকরণ। আমার কাছিমটি বেশ কৌতূহলী। কিছুই ভয় পায় না। মানুষ দেখলে কাছে এগিয়ে আসে। ওর প্রিয় খাবার চিংড়ি মাছ, মুরগির মাংস ইত্যাদি।

৭. ইয়োলো বেলি স্লাইডার (Yellow Belly Slider) ঃ আমার এক জোড়া এই স্লাইডার প্রজাতির কাছিম রয়েছে। ওদের তলপেটের খোলসের রং একদম হলুদ বলে ওদের এই নামকরণ। এটি বাংলাদেশের প্রেক্ষাপটে অন্যতম বিরল একটি কাছিম। এটি একটি বিদেশী প্রজাতির

কাছিম। বাংলাদেশে তেমন কোথাও কিনতেও পাওয়া যায় না। তবে আমি দুটিকে বিশেষভাবে সংগ্রহ করি। ওদের পছন্দের খাবার বিভিন্ন ধরনের ছোট মাছ ও মাংস। এই স্লাইডার প্রজাতির কাছিম গুলোর ছেলে এবং মেয়ে চেনার উপায় খুব সহজ। ছেলেদের লেজ ও পায়ের নখ অনেক বড় হয় এবং মেয়েদের লেজ এবং হাতের নখ অনেক ছোট হয়।

৮. **কড়ি কাইট্টা কাছিম** (Indian Roofed Turtle) ঃ আমার একটি এই প্রজাতির ছেলে কাছিম রয়েছে। কড়ি কাইট্টা আমাদের একটি দেশীয় প্রজাতির কাছিম। বাংলাদেশের স্থান ভেদে এখনো কম বেশি এদের দেখা যায়। দেশীয় কোনো প্রজাতির কাছিম আমাদের পালন করা ঠিক নয়। তবে আমার কাছিমটি রেসকিউ করা। জলাশয় ভরাটের ফলে ওরা লোকালয়ে উঠে আসে। একজন ওকে পেয়ে আমার কাছে দিয়ে যায়। তবে কাছিমদের সাধারণত খোলসে একটি রোগ হয়ে থাকে।ওদের খোলস ক্ষয় হয়ে যায় বা পচে যায়।আমার এই কাছিমটির এই রোগটি আছে। সম্পূর্ণ সুস্থ করে তোলার পর ওকে আবার উপযুক্ত এবং নিরাপদ পরিবেশে ছেড়ে দেওয়ার পরিকল্পনা রয়েছে। ওর প্রিয় খাবার কলমি শাক, ছোট মাছ ইত্যাদি।

৯. **হলুদ কাইট্টা কাছিম** (Indian Eyed Turtle) ঃ আমার একটি এই প্রজাতির মেয়ে কাছিম রয়েছে। হলুদ কাইট্টা আমাদের একটি দেশীয় প্রজাতির কাছিম হলেও বর্তমানে তা বিলুপ্তির পথে। কালে ভদ্রে একটি দুটি দেখা যায় পরিবেশে। ওকে একটি অ্যাকোয়ারিয়াম এর দোকানে পেয়েছিলাম তখন ওর অবস্থা অনেক বেশি খারাপ ছিল পরে ওকে রেসকিউ করে নিয়ে আসি। ওর অবস্থা এতটাই খারাপ ছিল যে প্রথম দুই সপ্তাহ কিছু খাওয়াতে পারিনি, ভেবেছিলাম বাঁচাতে পারবো না তবে এখন ও বেশ সুস্থ। হলুদ কাইট্টা পৃথিবীর অন্যতম সংবেদনশীল কাছিম প্রজাতি। এদের বিশেষ বৈশিষ্ট্য হলোঃ এরা শুধু শাক বা গাছের পাতা খায়। আমার হলুদ কাইট্টা কাছিমটির প্রিয় খাবার কলমি শাক ও লেটুস পাতা।

১০. **ধুম তরুণাস্থি কাছিম** (Indian Peacock Softshell Turtle) ঃ আমার একটি ধুম তরুণাস্থি কাছিম রয়েছে। বাংলাদেশ আগে অনেক পাওয়া গেলেও বর্তমানে তা বিলুপ্ত প্রায়। এটি অন্যান্য কাছিমের তুলনায় ভিন্ন। এদের খোলস প্যানকেকের মত নরম হয় বলে এদের তরুণাস্থি কাছিম বলা হয়। এই কাছিমটিকে আমি যমুনা নদী থেকে সংগ্রহ করেছি অনেক বাচ্চা অবস্থায়। এরকম বাচ্চা অবস্থায় কোনো কাছিম অবমুক্ত করা হলে তার বাঁচার সম্ভাবনা অনেক কম থাকে। তাই ওকে বড় করে অবমুক্ত করার পরিকল্পনা রয়েছে।

১১. **তারা কচ্ছপ** (Star Tortoise) ঃ আমার একটি স্টার কচ্ছপ রয়েছে। ওর নাম ওটো (Oto)। এখন আপনারা ভাবতে পারেন আমি এটিকে কেন কচ্ছপ বলছি এবং বাকিগুলোকে কাছিম বলেছিলাম। আসলে কচ্ছপ এবং কাছিমের মধ্যে অনেক বড় পার্থক্য রয়েছে। পার্থক্যটি হল কাছিম সাধারণত জলে থাকে আর মাঝে মাঝে রোদ পোহানোর জন্য ডাঙায় ওঠে। ওরা সাঁতার কাটতে পারে। আর কচ্ছপ কখনোই সম্পূর্ণ পানিতে নামে না। সম্পূর্ণ জীবন ডাঙ্গায় থাকে। ওরা সাঁতার কাটতে পারে না। পানিতে পড়ে গেলে ওরা ডুবে মারা যায়। ওদের খোলস অনেক বেশি শক্ত হয়ে থাকে এবং শারীরিক গঠন কাছিমের তুলনায় বেশ ভিন্ন। আমার এই কচ্ছপটির প্রিয় খাবার লেটুস পাতা এবং জবা ফুল। ওকে দেখতে একদম ছোট খেলনা পুতুলের মত।

১২. **ফায়ার বেলি নিউট** (Fire Belly Newt) ঃ আমার দুটি নিউট রয়েছে। নিউট এক ধরনের সালামান্ডার। এরা Amphibians বা সহজ ভাষায় জলের টিকটিকি। জল এবং স্থল উভয় স্থানে এরা বিচরণ করে। এদের বিশেষত্ব এদের কোন অঙ্গ-প্রত্যঙ্গ কেটে গেলে তা পুনরায় সৃষ্টি হয়। ফায়ার বেলি নিউট পৃথিবীর অন্যতম একটি বিষাক্ত জীব। এরা বিষধর নয়। বিষাক্ত এবং বিষধর জীব আমরা অনেক সময় মিলিয়ে ফেলি। যে সকল জীব আমরা খেয়ে ফেললে বা শরীরে গেলে আমাদের বিষক্রিয়া হয় তারাই বিষাক্ত জীব এবং যেসব জীব আমাদেরকে কামড় দিলে আমাদের বিষক্রিয়া হবে তারা বিষধর জীব। তাই নিউট ঠিক পদ্ধতিতে পালন করলে এর মাধ্যমে কোন ক্ষতি হওয়ার সম্ভাবনা নেই।

বর্তমানে আমার কাছে উল্লিখিত প্রাণীগুলো রয়েছে। প্রত্যেককেই আমি আমার পরিবারের সদস্য মনে করি। আগে আমার বেশ কিছু ভিন্ন প্রজাতির পোষ্য ছিল। যেমন: হুতুম পেঁচা, মদনা টিয়া, ফুল মাথা টিয়া, বাজরিগার পাখি, পঁচিশ-ত্রিশ প্রজাতির মাছ, ব্যাঙ, ঘাসফড়িং, টিকটিকি ইত্যাদি। ভবিষ্যতেও অনেক প্রাণী পালন করার পরিকল্পনা রয়েছে।

মানুষ মনে করে পশুপাখি পালন করা অনেক ঝামেলার এবং অনেক ব্যয়বহুল। তবে এই ধারণাটি ভুল। প্রত্যেকটি প্রাণীর পরিচর্যা ও পালনের কিছু নির্দিষ্ট নিয়ম ও পদ্ধতি রয়েছে। আমরা যদি সেগুলো মেনে পশুপাখি পালন করি তবে কোন অসুবিধাই হবে না। আমার পশু-পাখিদের নিয়ে লেখার একটাই উদ্দেশ্য এবং তা হলো; মানুষ যেন পরিবেশ ও পশুপাখি সম্পর্কে সচেতন হয় এবং প্রকৃতি ও প্রাণী সম্পর্কিত বিভিন্ন কুসংস্কার থেকে মুক্তি পেতে পারে। আমার অনুরোধ থাকবে সকলের প্রতি; প্রকৃতি ও প্রাণীকে ভালবাসতে শিখুন। পশু-পাখিকে সাহায্য বা পালন না করতে পারলেও চেষ্টা করবেন প্রাণী ও প্রকৃতি বিরোধী কাজ থেকে বিরত থাকতে। পৃথিবীটা যতটা মানুষের, ঠিক ততটাই অন্যান্য প্রাণীদের। তাই আসুন সবাই মিলে পৃথিবীটাকে সবার জন্য উপযুক্ত এবং সুন্দর করে তুলি।

সাহিত্য ভাবনায় শাহীন কারিগরগণ

খান মোহাম্মদ ফজলুল করিম

সহকারী অধ্যাপক
বাংলা বিভাগ

রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশের কবিতায় সমাদরশূন্য ফুলের প্রসঙ্গ

তিরিশের কল্লোল-যুগের পল্লবিত ধারায় কবি জীবনানন্দ দাশ কাব্য-কলা নির্মাণে, উৎকর্ষে এক বিরল কবি-সত্তা। নিসর্গ তথা প্রাণ-প্রকৃতির নানা অনুষঙ্গে চলমান জীবন-ঔদাসীন্যকে চিত্ররূপময় করে আধুনিক জীবনের সংকট, বিপন্নতাকে উপস্থাপন করলেও 'শ্বাশত রাত্রির বুকে অনন্ত সূর্যোদয় 'এর স্বপ্ন থেকে কখনো সরে যাননি তিনি। 'নির্জনতম কবি' সবসময়ই নির্জনতার প্রকৃতিকে আলিঙ্গন করেছেন হৃদয়ের গভীরতর অসুখের স্বরূপ-সন্ধানে, কখনো বা আলোকিত কোন ইন্দুর নরম মায়াবী শীতল পরশে স্বপ্নময় জগতে হারিয়ে যেতে। জীবনানন্দের কবিতা মানেই উপমা, চিত্রকল্প, প্রতীক, আলো-আঁধারির রহস্যজাল, মগ্ন-চৈতন্যের ইন্দ্রজাল। তাঁর কবিতায় বিশেষ এক জায়গা দখল করে আছে অনাদরে বেড়ে ওঠা অথচ সগৌরবে ফুটে থাকা বিচিত্র বর্ণের অজস্র ফুল।

'এই পৃথিবীতে এক স্থান আছে সবচেয়ে সুন্দর করুণ

যেখানে সবুজ ডাঙা ভরে থাকে মধুকূপি ঘাসে অবিরল।'

কিন্তু কোন ঘাস 'মধুকূপি' চেনা না থাকলে কল্পনাই ভরসা। যখন পড়া হয়-

রাস্তার পাশে অনাদরে ফুটে থাকে ভাঁট ফুল

সাদা ভাটপুষ্পের তোড়া
আলোকলতার পাশে দ্রোণফুল গন্ধ ঢালে বাসকের গায়।

দুলাইনে চারটি ফুল লতার নাম-যেগুলো সবার চেনা নয়। গোলাপ, রজনীগন্ধার মতো অভিজাত বা জবা, টগরের মতো আটপৌরেও নয়; তাদের চিনতে না পারার অস্বস্তি হতেই পারে অনেকের। বাংলার অনাদরের এসব ঝোঁপ-ঝাড়, আগাছা, জীবনানন্দ দাশের কাব্যের অবিচ্ছেদ্য অনুষঙ্গ হিসেবে থাকে। এরকম দ্রোণফুল, নাটা ইত্যাদি বাংলার সবুজ ডাঙাকে সাজিয়ে রাখে বৈচিত্র্যের রূপম ঐশ্বর্যে। নিতান্ত অকাজের ভেরেণ্ডা গাছ মাথা উঁচিয়ে গজিয়ে ওঠে পথের ধারে ফাঁকা জমিতে। তাকেও মায়াকাজল পরিয়েছে কবিতা।

রাস্তার পাশে শোভা পায় ভেরেন্ডা ফুল

কাচের মতন পাখা এ ঘাসের গায়ে
ভেরেণ্ডা ফুলের নীল ভোমরারা বুলাতেছে।

পূর্ণদৃষ্টিতে তাকালেই দেখা যায়, ভেরেণ্ডার ছোট্ট লাল ফুল আর সবুজ ফলের মধ্যে বীজগুলো ঠিক যেন 'মিনিয়েচার' মাপের চোখ-নাক-মুখ আঁকা রাজকন্যা-পুতুল।

সাহিত্য ভাবনায় শাহীন কারিগরগণ

ভেরেণ্ডার পরে;

আকন্দফুলের কালো ভীমরুল এইখানে করে গুঞ্জরণ।

শিবঠাকুরের প্রিয় ফুল আকন্দফুল।

যে শালিক মরে যায় কুয়াশায়- সে তো আর
ফিরে নাহি আসে
কাঞ্চনমালা যে কবে ঝরে গেছে;
বনে আজো কলমীর ফুল ফুটে যায়–।

বনকলমী বা দুধকলমী তার হালকা রঙিন ফুলের পসরা সাজিয়ে অবহেলায় ফুটে থাকে। বনকলমীর সেই আবহমান

ঝোঁপে-ঝাড়ে ফুটে থাকে আকন্দ ফুল

কাল ধরে ফুটে থাকাকে এক বিশেষ মাত্রা দেন কবি জীবনানন্দ।

নদীরা মজিয়া গেছে দিকে দিকে...
তারাবনে পড়ে আছে বিচূর্ণ দেউল।

কলমী ফুলে ভরে আছে জলামাঠ

দ্রোণ ফুলের সমারোহ বাংলার পথে ঘাটে

বিশুষ্ক পদ্মের দিঘি
ফোঁপরা মহাল ঘাট
হাজার মহাল
মৃত সব রূপসীরা----

জাঁকজমকপূর্ণ অভিজাত স্থাপনা ভেঙে পড়ে কিন্তু বনকলমী বা তার মতো অন্তেবাসী আগাছারা অনাদরে ফুল ফুটিয়ে যায়। কতদিন ফোটাতে পারবে কে জানে ?

কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে।

তিলোত্তমা নগরী পৃথিবীতে ঢের হয়েছে। নগরায়নের এই যুগে এসব দেখে বড় হচ্ছে প্রজন্ম। এ হলো সময়ের আশ্চর্য একচিত্র! নগর সভ্যতার অগ্রসরমানতার নামে চলছে ভূমি-দস্যুতা। ঝোঁপ-ঝাড় কেটে গড়ছি ইট-ভাটা। পুড়ে যাচ্ছে বন-বনানি; ঝলসে যাচ্ছে পৃথিবীর ছোট-বড় ফুসফুসরূপী বনভূমির সবল অভ্যন্তর। সেই অক্ষয় বট, অশ্বত্থ আর উল্লিখিত অনাদরের ফুলগুলো হারিয়ে যাচ্ছে। হয়ত একসময় এসব খোঁজার জন্য জীবনানন্দের কবিতার বইগুলো নিয়ে বসতে হবে।

পরিবেশবাদীরা, নিসর্গ-প্রেমিকেরা হয়ত বলে যাবে বেদনার স্বরে-বৃক্ষ বাঁচাও, প্রাণ নেও বুক ভরে'। থামাও আগ্রাসন, গড় সবুজ জনপদ'। তবু চলবে হয়তো খেলেরামদের এ খেলা!

মোহাম্মদ এরশাদ আলী

প্রভাষক, বাংলা
(ইংরেজি ভার্সন)

বঙ্গবন্ধু পাঠ ও দর্শন কেন প্রয়োজন

ইতিহাস অতীতের কোন কাহিনি নয়, বরং বর্তমানে বসে অতীতে তাকালে যে আবর্ত দেখা যায়, তা-ই ইতিহাস। আব্রাহাম লিংকন কিংবা সিরাজউদ্দৌলা ভৌগোলিক ও দৃষ্টিভঙ্গির পার্থক্যে; কোথাও ভিলেন, কোথাও হিরো। সৌভাগ্য আমাদের বিশেষ করে '৭৫-পরবর্তী বাংলাদেশে বঙ্গবন্ধু ও তাঁর জীবনদর্শন নিয়ে যে অমানিশার সৃষ্টি হয়েছিল, তা আজ দূর হয়েছে। বঙ্গবন্ধুকে নিয়ে রিসার্চ হচ্ছে। বিভিন্ন ভাষায় বঙ্গবন্ধুর জীবনী নিয়ে বহুগ্রন্থ ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। আরও হতে থাকবে। বিশেষ করে ২০১২ সাল থেকে বঙ্গবন্ধু-চর্চার নতুন দিগন্ত উন্মোচিত হয়। প্রকাশিত হয় 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২), 'কারাগারের রোজনামচা' (২০১৭) এবং 'আমার দেখা নয়া চীন' (২০২০)। তাঁকে নিয়ে লেখা উল্লেখযোগ্য গ্রন্থগুলোর আলোকেই বঙ্গবন্ধু-পাঠ ও রাজনৈতিক দর্শনের প্রয়োজনীয়তা এ আলোচনার বিষয়।

১৯২০ সাল। ভারতবর্ষে শাসনের নামে ঔপনিবেশিক শোষণ চলছে। ১৯০৮ সালে ক্ষুদিরাম দেশের জন্য প্রাণ দিচ্ছেন, পাঞ্জাবে জালিয়ানওয়ালাবাগে হত্যাকাণ্ড ঘটছে। পৃথিবী প্রত্যক্ষ করলো সদ্য শেষ হওয়া প্রথম বিশ্বযুদ্ধের বীভৎসতা। পৃথিবীতে ফরাসি ও রুশ বিপ্লবের প্রভাব ছড়িয়ে পড়েছে। এদেশে সিপাহী আন্দোলন (১৮৫৭) হয়েছে। তখন ভারতবর্ষের দুটি রাজনৈতিক দল কংগ্রেস (১৮৫৫) এবং মুসলিম লীগ (১৯০৬) ব্রিটিশ বিরোধী আন্দোলনে সোচ্চার হচ্ছে, কামাল আতাতুর্কের নেতৃত্বে ১৯২১ সালে ধর্মনিরপেক্ষ আধুনিক তুরস্কের জন্ম হচ্ছে। বিভেদ ভুলে ইংরেজ তাড়াতে ঐক্যবদ্ধ হচ্ছে অসহযোগ আন্দোলনকারীরা ও খেলাফতিরা। হিন্দু-মুসলিম মিলনের 'বেঙ্গল প্যাক্ট' তৈরি হচ্ছে। এমন এক রাজনৈতিক প্রেক্ষাপটের দুঃসময়ে আশার আলোকবর্তিকা স্বরূপ শেখ মুজিবুর রহমানের জন্ম হয়। শেখ মুজিবের শৈশবে রাজনীতি ও সাংগঠনিক মানস গঠনে ব্রিটিশ বিরোধী আন্দোলনে সক্রিয় কর্মী গৃহশিক্ষক কাজী আব্দুল হামিদ মাস্টারের প্রভাব অনস্বীকার্য। নিজেকে কল্পনা করেন কখনো 'আলেকজান্ডার' কখনো বা মহামতি 'সম্রাট আকবর'। শেখ মুজিব ইতিহাস ও সাহিত্য পাঠে আগ্রহী ছিলেন। বিশেষ করে রবীন্দ্রনাথ, নজরুলের কবিতা ও গান এবং বিশ্ববিখ্যাত মহাপুরুষদের জীবনী তাঁকে দারুণভাবে টানত। তাঁর বিপ্লবী ও সংগ্রামী চেতনা গড়ে ওঠে উল্লিখিত বিষয়গুলোকে কেন্দ্র করে।

১৯২০ থেকে ১৯৪৭ ব্রিটিশ শাসনামলেই কলকাতা থাকাকালে তিনি ধীরে ধীরে রাজনীতির সাথে যুক্ত হতে থাকেন। চল্লিশের দশকেই তিনি প্রকৃতপক্ষে রাজনীতিতে সরাসরি প্রবেশ করেন। একদিকে তাঁর রাজনৈতিক পিতা গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দী, অন্যদিকে বামপন্থী রাজনৈতিক ব্যক্তিত্ব মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর প্রভাব বঙ্গবন্ধুকে অনন্য রাজনৈতিক দার্শনিক চেতনায় অভিষিক্ত করে। খন্দকার মোহাম্মদ ইলিয়াস তাঁর 'মুজিববাদ' গ্রন্থে বলেন–

সোহরাওয়ার্দী নিয়মতান্ত্রিক আন্দোলনে বিশ্বাসী, মওলানা ভাসানী বিপ্লবে। কাজেই মুজিব একদিকে যেমন নিয়মতান্ত্রিকতায় বিশ্বাসী, আন্দোলনে ব্যর্থ হলে পরবর্তী পদক্ষেপরূপে বৈপ্লবিক কর্মসূচি গ্রহণেও প্রস্তুত।

বঙ্গবন্ধু তিনটি কারণে রাজনীতিতে আসেন :

- ইংরেজদের অধীন থেকে দেশকে মুক্ত করা।
- দরিদ্র প্রজাদের উপর সামন্তপ্রভু ও জমিদারদের অত্যাচার বন্ধ করা।
- অসহায় সাধারণ মানুষের দুঃখ-দারিদ্র্য দূর করতে।

সাহিত্য ভাবনায় শাহীন কারিগরগণ

দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলে সৃষ্ট অস্থির পরিস্থিতি (১৯৩৯-১৯৪৫), মুসলিমলীগের 'লাহোর প্রস্তাব' উত্থাপন (১৯৪০), কংগ্রেসের 'স্বাধীন ভারত' দাবির আন্দোলন, ১৯৪৩ সালের ভয়াবহ দুর্ভিক্ষ; এসব ঘটনা উপমহাদেশের রাজনৈতিক অঙ্গনে তীব্র আলোড়ন তৈরি করে। স্বাধীনতা ও প্রগতি প্রতিষ্ঠার লক্ষ্যে গঠিত বিভিন্ন সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন যেমন: 'ইয়ুথ কালচারাল ইন্সটিটিউট' (১৯৪২), 'সোভিয়েত সুহৃদ সমিতি '(১৯৪১), 'ফ্যাসিস্ট বিরোধী লেখক শিল্পী সংঘ' (১৯৪২), 'ভারতীয় গণনাট্য সংঘ' (১৯৪৩)- এর তৎপরতা; মহাত্মা গান্ধীর 'ভারত ছাড়' আন্দোলন, হিন্দু-মুসলিম দাঙ্গা (১৯৪৬), নেতাজি সুভাষ বসুর মৃত্যু ভারতবর্ষের রাজনৈতিক আন্দোলনে নতুন উন্মাদনা তৈরি করে। তরুণ শেখ মুজিবুর রহমান ঠিক তখন সোহরাওয়ার্দীর সান্নিধ্যে এসে মুসলিম লীগের রাজনীতি শুরু করেন, কিন্তু হৃদয়ে লালন করেন বাঙালি জাতীয়তাবাদ। মহাত্মাগান্ধীর সাথে দেখাও করেছেন তিনি। এতে সহজে অনুমান করা যায় যে ১৯৪৭-পূর্ববর্তী সময়ে জাতীয় ও আন্তর্জাতিক রাজনীতির দীক্ষা ও পাঠ গ্রহণ করে শেখ মুজিব নিজস্ব একটি মনন তৈরি করতে সক্ষম হয়েছিলেন।

পাকিস্তান সৃষ্টির পরেই বঙ্গবন্ধুসহ সকল বাঙালি মুসলিম লীগ কর্মীর স্বপ্ন ভঙ্গ হয়। এবারের শোষক সাতসমুদ্র তেরনদীর ওপারের ইংরেজ নয়; বেইমান ও ধর্মীয় মোড়কে স্বঘোষিত অভিজাত দাবিদার মুসলিম পাঞ্জাবিরা। দূরদর্শী বঙ্গবন্ধু এ সময়েই ১৯৪৭ সালে হৃদয়ে লালিত অসাম্প্রদায়িক নেতাদের সাথে পাকিস্তান গণতান্ত্রিক যুবলীগ গঠন করেন।

১৯৪৭ থেকে ১৯৭১; রাজনীতিতে তিনি পরিপূর্ণভাবে প্রতিষ্ঠিত হন। পাকিস্তানি শোষকেরা তাঁকে ১৭/১৮ বার গ্রেফতার করেন। ৪৬৮২ দিন জেল খাটতে হয় তাঁকে। ৫৪ বছর ৫ মাসের ছোট জীবনে প্রায় ১২ বছর বিভীষিকাময় কারাগারে কাটিয়েছেন গণনেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। দুবার মৃত্যুর মুখোমুখি হয়ে ফিরে আসেন। ভাষা আন্দোলন (১৯৫২), যুক্তফ্রন্ট নির্বাচন (১৯৫৪), ৬২, ৬৬, ৬৯-এর সকল আন্দোলনে বঙ্গবন্ধু পূর্ব পাকিস্তানের অবিসংবাদিত নেতা। যার প্রমাণ ১৯৭০-এর নির্বাচনে নিরঙ্কুশ সফলতা। বঙ্গবন্ধু যে ১৯৪৭ সালেই বাংলাদেশের স্বপ্ন দেখতেন তা অনেক গবেষণায় প্রমাণিত হয়েছে। আসলে ২১ দফা, ৬ দফা, ১১ দফা নয় তিনি একটি সাক্ষাৎকারে মজা করে বলেছিলেন তিন দফা, "কত নিছ? কবে দিবা? কবে যাবা?"

সাহিত্য ভাবনায় শাহীন কারিগরগণ

মাত্র সাড়ে তিন বছরের সরকার পরিচালনায় ১৯৭২ সালের সংবিধানের ৪টি মূলনীতিই তাঁর রাজনৈতিক প্রজ্ঞার দর্শন। জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা; এই মূলনীতিগুলোকে কেন্দ্র করেই বঙ্গবন্ধু শোষণমুক্ত উন্নত সোনার বাংলার ভৌগোলিক বৃত্ত রচনা করতে চেয়েছিলেন। পৃথিবীর উন্নত কোনো দেশ এতো দ্রুত সংবিধান প্রণয়ন করে উল্লেখকৃত মূলনীতি বা সরকার পরিচালনা নীতির বিকল্প রচনা করতে আজও পারেনি। বৈষম্যমুক্ত সোনার বাংলা, সাম্প্রদায়িক বিষবৃক্ষের উৎপাটন, প্রগতিশীল বাংলাদেশ বিনির্মাণ ও বাঙালি জাতীয়তাবাদ প্রতিষ্ঠাকরণ এবং বাঙালি আবেগ-স্পর্ধাকে হৃদয়ে পরিপূর্ণভাবে ধারণ করতেন বলেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হয়েছেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা।

স্বাধীনতা অর্জন মানেই শোষকের হাত থেকে মানুষের মুক্তি নয়, শুধু ভৌগোলিক একখণ্ড জমি নয়, শুধু জাতীয় পতাকার সগর্ব উড্ডয়ন নয়; বরং বঞ্চিত মানুষের অর্থনৈতিক মুক্তিই হলো প্রকৃত স্বাধীনতা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেই স্বাধীনতাকেই এনে দিয়েছেন এবং গড়তে চেয়েছিলেন সত্যিকারের সোনার বাংলা। বঙ্গবন্ধুর দেখানো পথ ধরেই অনেক চড়াই-উৎরাই পেরিয়ে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে উন্নীত। আগামী কয়েক দশক পরেই হয়ত এই জাতি একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ দেখতে পাবে।

হত্যায় কি পৃথিবীর শ্রেষ্ঠ সন্তানেরা শেষ হয়ে যান? আব্রাহাম লিংকন, জন এফ কেনেডি, ইন্দিরা গান্ধী; এদের নাম যেমন ঘাতকরা মুছে দিতে পারেনি, ঠিক তেমনি জাতির পিতা শেখ মুজিবুর রহমানের নামও মুছে দিতে পারেনি ষড়যন্ত্রকারী অপশক্তি। বঙ্গবন্ধু হত্যাকারীরাই হয়েছে ইতিহাসে ধিকৃত, ঘৃণিত এবং ইতিহাস থেকে বিলীন। ইতিহাস কাউকে ক্ষমা করে না। 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'-এই বজ্রকণ্ঠ যখনই কানে ভেসে আসে তখনই প্রতিটি বাঙালি শিহরিত হয় এখনও। 'জয়বাংলা' স্লোগান বাঙালির এক অনির্বাণ, চিরন্তন অনুপ্রেরণা। বঙ্গবন্ধু উল্লেখকৃত বাণী ও মন্ত্রের এক মহান স্রষ্টা। তাই বঙ্গবন্ধু, বাংলাদেশ ও বাঙালি এক অবিচ্ছেদ্য অংশ। ১৯৭২ সালের এক সাক্ষাৎকারে সাংবাদিক ডেভিড ফ্রস্ট বঙ্গবন্ধুকে জিজ্ঞাসা করেছিলেন, "আপনার শক্তি কোথায়?" উত্তরে বঙ্গবন্ধু বলেন, "আমি আমার জনগণকে ভালোবাসি"। পরের প্রশ্নে সাংবাদিক জানতে চান, "আপনার দুর্বল দিকটি কী?" বঙ্গবন্ধুর উত্তর, "আমি আমার জনগণকে খুব বেশি ভালোবাসি"।

স্বাধীনতা-উত্তর বিধ্বস্ত বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি খুবই জটিল আকার ধারণ করে। বঙ্গবন্ধু তাঁর রাজনৈতিক প্রজ্ঞা, দূরদর্শিতা ও সুবুদ্ধি দ্বারা জটিল রাজনৈতিক অচলায়তনকে ভাঙার চেষ্টা করেছেন, সবাইকে সব বিভেদ ভুলে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে দেশ গঠনের কাজে আত্মনিয়োগ করতে উদাত্ত আহ্বান জানিয়েছে। বঙ্গবন্ধুর আহ্বানে কিছু কুচক্রী মহল ব্যতীত সকলেই দেশগঠনে ঝাঁপিয়ে পড়েছেন; ঠিক যেমনিভাবে তারা অংশ নিয়েছিলেন মুক্তিযুদ্ধে।

বাংলাভাষাকে আন্তর্জাতিক ফোরামে উপস্থাপনেও বঙ্গবন্ধুই প্রথম সাহসী ভূমিকা রাখেন। বাঙালির রাজনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক আন্দোলনে তাঁর মত প্রজ্ঞা ও সর্বক্ষেত্রে দার্শনিক বীক্ষণ, জনতার জন্য ভাবনা বা ত্যাগ স্বীকার আজও কেউ করতে পারেনি। স্বাভাবিকভাবেই পৃথিবীর যে প্রান্তেই বাঙালি থাকবে, সর্বকালের মহানায়ক, শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতাকে পাঠ করবে; ধারণ করবে তাঁর আদর্শ ও দর্শন। কবি সৈয়দ শামসুল হকের ভাষায়:

এই ইতিহাস ভুলে যাব আজ, আমি কি তেমন সন্তান?
যখন আমার জনকের নাম শেখ মুজিবুর রহমান।
তাঁরই ইতিহাস প্রেরণায় আমি বাংলার পথ চলি
চোখে নীলাকাশ, বুকে বিশ্বাস, পায়ে উর্বর পলি।

তাই শাশ্বত সত্য হলো; বাঙালি মানে বঙ্গবন্ধু; বঙ্গবন্ধু মানে সোনার বাংলা; আর সোনার বাংলা মানে আমাদের স্বপ্নের বাংলাদেশ।

সাহিত্য ভাবনায় শাহীন কারিগরগণ

আনজুমান আরা রীপা

সিনিয়র শিক্ষক (ইংরেজি)
ইংলিশ ভার্সন

আহ্বান

শান্ত বিবেক বারবার
অস্থির আবেগের দুয়ারে
কড়া নেড়ে বলছে-
শান্ত হও!
অনর্থক যুদ্ধের সাজ
সাজ রব তুলে তুমি কী
আজ ক্লান্ত নও?
সুখের অসুখে তুমি
শোকের পাহাড় গড়েছো।
শুভ্রতা ছেড়ে তুমি
উগ্রতার পথ বেছে নিয়েছো।
ক্ষান্ত হও!

আলোর সাথে আঁধারের
বৈরিতা খুঁজতে গিয়ে
তুমি নিজেই ফিরেছো ঘরে
আঁধারকে সাথে নিয়ে।
এ কেমন উন্মাদনা তোমার!
হাজার রঙে রঙিন হতে চেয়ে
রংহীন কালোতে
পরিণত হয়েছো।
পবিত্রতার বসন ছেড়ে
কলঙ্কের অলংকার পড়েছো
অতি ঔজ্জ্বল্যে তুমি
অবিরত স্বরূপকে ফিকে
করে চলেছো
স্থির হও।

ফিরে এসো আপন রূপে
যেমন ছিলে তুমি।
যেমন ছিলে নিষ্কলুষ আর
নিষ্পাপ
যেমন ছিলে প্রকৃতির মতো
স্নিগ্ধ কোমল।
যেমন ছিলে সুবাসিত
অমলিন, শোভন
পবিত্র হও,
শালীনতার চাদরে।
জ্ঞানের আদরে,
আলোকিত হও।
'আমি' বিবেক তোমাতেই পূর্ণ,
আমৃত্যু তোমারি
অবিচ্ছেদ্য সহযাত্রী।

মোহাম্মদ জাহেদুল ইসলাম

ক্রীড়া শিক্ষক

সুস্থ জীবনের জন্য খেলাধূলা

স্বাস্থ্যই সকল সুখের মূল। আর তাই তো বলা হয় ''তন দুরস্তে মন দুরস্ত''। "তন" অর্থ তনু বা দেহ। অর্থাৎ দেহ ভালো থাকলে মনও ভালো থাকে। মানুষের সহজাত আকাঙ্ক্ষা হলো সুন্দর ও সুস্থ জীবন। ব্যক্তিগত জীবনে, পারিবারিক জীবনে, জাতীয় জীবনে শক্তি ও সমৃদ্ধি অর্জনের দ্বার উন্মুক্ত করে দেয় সুঠাম ও সুস্থ দেহ। ললাটে এঁকে দেয় সাফল্যের জয়-তিলক। অপরপক্ষে রুগ্ন দুর্বল মানুষ জীবনের সকল আনন্দ থেকে হয় বঞ্চিত। খেলাধূলা শরীরচর্চার একটি অঙ্গ। খেলার মধ্যে রয়েছে শরীর চালনার নানাবিধ কৌশল; যা মানুষের শারীরিক দক্ষতা ক্রমশ বাড়িয়ে তোলে। খেলার আনন্দ আর কোথাও পাওয়া যাবে না। যার রোগাটে, দুর্বল তারা এই আনন্দ থেকে বঞ্চিত হয়। এমনকি জীবনযুদ্ধে পদে পদে হয় পরাভূত। শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি খেলাধূলার ভূমিকা অপরিসীম।

শরীরকে সুস্থ ও সবল রাখতেই খেলাধূলার উদ্ভব। ধারণা করা হয়, আজ থেকে প্রায় ছয় হাজার বছর আগে প্রথম কুস্তি খেলার উদ্ভব ঘটে প্রাচীন ইরাকে। মুষ্টিযুদ্ধ, অসিযুদ্ধ, দৌঁড়-ঝাঁপ ইত্যাদি খেলারও প্রচলন সেই সময়েই। খ্রিস্টপূর্ব ২০০০ বছর আগে প্রথম হকি খেলার প্রচলন ঘটে। খ্রিস্টপূর্ব ২৫০ বছর আগে রোমে মল্লযুদ্ধের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তারও আগে প্রাচীন গ্রিসে সূচনা ঘটে অলিম্পিক খেলার।

খেলাধূলাকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়। যথাঃ

- ইন্ডোর গেমস অর্থাৎ ঘরের ভেতরের খেলাধূলাঃ শারীরিক কসরত, টেবিল টেনিস, ক্যারাম, দাবা ইত্যাদি ইন্ডোর গেমস।
- আউটডোর গেমসঃ এ জাতীয় খেলা খেলতে হয় খোলা মাঠে। ফুটবল, ক্রিকেট, কাবাডি, দৌড়, লাফ ইত্যাদি আউটডোর গেমস।

যাকে আমরা সহজ ভাষায় খেলাধূলা বলি তার প্রকৃত স্বরূপ সম্পর্কে জেনে নেওয়া আমাদের অবশ্যই দরকার। এখানে খেলার সাথে ধূলা শব্দটি সংযোজিত হয়েছে; অর্থাৎ খেলার সাথে রয়েছে ধূলার সংস্পর্শ। প্রকৃতির উন্মুক্ত প্রান্তরে, খোলা আকাশের নিচে মুক্ত বাতাসে যে খেলা হয় তা-ই খেলাধূলা। তবে বর্তমানে কিছু খেলা চার দেয়ালের মধ্যে অবস্থান করে খেলা হয়; যেগুলোকে আমরা ইন্ডোর গেমস বলে থাকি। ফুটবল, ক্রিকেট, লন টেনিস, দৌঁড়, লাফ বা অ্যাথলেটিকস্ জাতীয় খেলাধূলায় শারীরিক শ্রম বেশি হয়। বর্তমানের মোবাইল গেমের মধ্যে রয়েছে অনেক ক্ষতিকর প্রভাব। তাই খেলার প্রকৃতি অনুসারে খেলাকে বেছে নেওয়া আবশ্যক।

সুস্থ সবল দেহে সুস্থ সবল মন বিরাজ করে। অসুস্থ শরীরে পরিশ্রম করার ক্ষমতা কমার সাথে সাথে মনও খিটখিটে হয়ে যায়। সুস্থ সবল দেহে বিরাজ করে কঠোর শক্তি, মনে থাকে

সাহিত্য ভাবনায় শাহীন কারিগরগণ

দুর্জয় ক্ষমতা, অপরিমেয় উৎসাহ ও উদ্দীপনা। খেলাধূলা মানেই শরীরচর্চা আর নিয়মিত শরীরচর্চার মাধ্যমেই শরীরকে দীর্ঘদিন সুস্থ রাখা যায়। শিক্ষার্থীদের পড়াশোনায় একঘেঁয়েমিতা দূর করতে খেলাধূলার কোনো বিকল্প নেই।

পুষ্টিকর খাবার খাওয়ার পাশাপাশি খেলাধূলা করলে শরীরের পেশী শক্ত ও সুঠাম হয়। এতে শরীরের কোষগুলোতে পর্যাপ্ত পরিমাণ পুষ্টি পৌঁছে, হৃৎপিন্ড ঠিকভাবে রক্ত পাম্প করতে পারে। ফলে শরীরে স্বাভাবিক রক্ত-সঞ্চালন ঘটে, পরিপাক যন্ত্র আরো বেশি শক্তিশালী এবং কর্মক্ষম হয়। এছাড়াও শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। খেলাধূলায় মস্তিষ্ক চাপমুক্ত থাকে।

মানসিক স্বাস্থ্য রক্ষায়ও খেলাধূলার রয়েছে বিশেষ অবদান। খেলাধূলা শরীরের অবসাদ দূর করায় মন থাকে ফুরফুরে। যারা খেলাধূলা করেনা, নিজেকে ঘরের মধ্যে বন্দি রাখে, তারা নানারকম মানসিক সমস্যায় ভোগে। যার মধ্যে অন্যতম হচ্ছে বিষণ্নতা ও বদমেজাজী ভাব। যে মানুষ খেলতে ভালোবাসে তার মনে কখনও সংকীর্ণতা, মলিনতার জায়গা হয় না। খেলাধূলার মধ্য দিয়েই জন্ম হয় শৃঙ্খলাবোধ। শৃঙ্খলাবোধ ছাড়া জীবনে সফলতা অর্জন করা কঠিন।

বর্তমান খেলাধূলার বয়সে শৈশবেই শিশুর কাঁধে চেপেছে বই-এর বোঝা। সকল সভ্য দেশে খেলাধূলা ও শরীরচর্চাকে পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। আমাদের দেশেও শারীরিক শিক্ষা পাঠ্যক্রমে রয়েছে, কিন্তু এর প্রয়োগ সর্বত্র পরিলক্ষিত হয় না। সুস্থ-সবল মানবসম্পদ তৈরি করতে স্কুল-কলেজে খেলাধূলার চর্চা সচল রাখতে হবে। বর্তমান সময়ে খেলাধূলা বিশ্বব্যাপী অত্যন্ত জনপ্রিয়। মানুষকে প্রীতির বন্ধনে বাঁধে খেলাধূলা। ভাতৃত্ববোধের এক উষ্ণ আনন্দে হারিয়ে যায় জয় পরাজয়ের কষ্ট। খেলার মাঠে একদিকে যেমন প্রতিযোগিতা থাকে অন্যদিকে থাকে বিনোদন। খেলাধূলার মাধ্যমে বিশ্বভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় হয়।

খেলাধূলা বর্তমানে আন্তর্জাতিক সম্পর্ক স্থাপনের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। এক দেশ অন্য দেশে খেলতে যায় বিভিন্ন ধরনের খেলাধূলার প্রতিযোগিতায় অংশ নিতে। ফলে এক দেশের সাথে অন্য দেশের পারস্পরিক ভাবের আদান-প্রদানের পাশাপাশি তাদের মধ্যকার কুটনৈতিক সম্পর্কও আরো জোরদার হয়। পারস্পরিক দ্বন্দ্ব, ঝগড়া ভুলে গিয়ে তারা এক মৈত্রীর সম্পর্কে জড়িয়ে পড়ে। তাই আন্তর্জাতিক সেতুবন্ধনে খেলাধূলার ভূমিকা অনস্বীকার্য।

শৃঙ্খলা, ভ্রাতৃত্ব, সম্প্রীতি সৃষ্টিতে খেলাধূলা অসামান্য অবদান রাখে। মনের প্রফুল্লতা, দেহের শক্তিময়তা যদি না থাকে তাহলে জীবন হয় নীরস ও আনন্দহীন। তাই তো বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে আমিও বলতে চাই: "চাই বল, চাই স্বাস্থ্য, আনন্দ উজ্জ্বল পারমায়ু, সাহস- বিস্তৃত বক্ষপট"।

কামরুন নাহার তানিয়া
সিনিয়র শিক্ষক (রসায়ন)

জাতকের তিনটি গল্প

বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন ভাষায় প্রচলিত রয়েছে শিক্ষণীয় অজস্র গল্প-গাথা। এই উপমহাদেশেও প্রচলিত রয়েছে অনেক মজাদার নৈতিক শিক্ষার গল্প।

প্রায় ২৩০০ বছর পূর্বে পালি ভাষায় রচিত হয় জাতকের গল্প। এ গল্পগুলোই মূলত ভারতবর্ষের সবচেয়ে প্রাচীন গল্প। এতে রয়েছে ৫৪৭ টি গল্প। অনেকটা ঈশপের গল্পের মতোই এসব। এগুলোর কিছু কিছু আরব্য রজনীতেও জায়গা করে নিয়েছে। পঞ্চতন্ত্রের গল্পগুলোতেও এসব গল্প রয়েছে।

১

বনের সিংহ একদিন পথ চলতে গিয়ে নদীর কাদায় আটকে যায়। কিছুতেই সেখান থেকে আর বেরিয়ে আসতে পারে না। এভাবে কেটে যায় কয়েকদিন। সিংহ না খেতে পেয়ে দুর্বল হতে থাকে। কয়েকদিন পর সেখানে পানি খেতে এলো এক শেয়াল। সে সিংহকে দেখে জিজ্ঞেস করলো, "আপনি এখানে বিশ্রাম করছেন কেন?" সিংহ তার সমস্যার কথা খুলে বললো। শেয়াল তার বুদ্ধি দিয়ে সিংহকে ওখান থেকে উদ্ধার করলো। সিংহ ভীষণ খুশি হয়ে শেয়ালের সাথে বন্ধুত্ব করলো। বন্ধুত্বের জন্য প্রতিজ্ঞা করলো, এখন থেকে খাবার যা পাবে শেয়ালের সাথে ভাগ করে খাবে। তাকে প্রস্তাবও করলো, দুই বন্ধু এখন থেকে পাশাপাশি থাকবে। খুশিমনে শেয়াল তার পরিবার নিয়ে সিংহের পরিবারের পাশেই বাস করতে শুরু করে দিলো। দুই পরিবারের সন্তানেরা একসাথে মিলেমিশে বড় হতে লাগলো। সমস্যা দেখা দিলো কিছুদিন পরেই। সিংহের স্ত্রী অর্থাৎ সিংহীর মনে হলো, ''আমার ছেলেমেয়েরা কেন শেয়ালের ছেলেমেয়েদের সাথে মিশতে যাবে? উফ! শেয়ালের বাচ্চাগুলোর সাথে মিশে মিশে সভ্যতা ভব্যতা সব ভুলছে। আচার ব্যবহার দিন দিন হচ্ছে শেয়ালদের মতো, অসহ্য।'' সিংহী তার সন্তানদেরকে মানা করে দিলো যেন শেয়ালের বাচ্চাদের সাথে না মেশে। সিংহের বাচ্চারা সে কথা শেয়ালের বাচ্চাদেরকে বলে দিলো, "আজ থেকে আমরা আর তোমাদের সাথে মিশবো না। তোমরা হচ্ছো, শেয়াল আর আমরা সিংহ।" শেয়ালের বাচ্চারা মন খারাপ করে তাদের মা শেয়ালিনীর কাছে গিয়ে কেঁদে কেঁদে বললো, "মা, ওরা বলেছে, আর আমাদের সাথে খেলবে না। কারণ, আমরা শেয়াল আর ওরা সিংহ।" এমন কথা কোন মায়ের সহ্য হয়? কথাটা শেষ পর্যন্ত শেয়ালের কানে গিয়ে উঠলো। বিষয়টা নিয়ে শেয়াল তার বন্ধু সিংহের সাথে আলাপ করা প্রয়োজন মনে করলো। শেয়াল তার বন্ধুকে বললো, "বন্ধু, তোমাকে সেদিন কাদা থেকে উদ্ধার করেছিলাম ঠিক। কিন্তু প্রতিদানে কোনো কিছু পাওয়ার আশায় নয়। এভাবে তো আমাদের একসাথে থাকা সম্ভব নয়, বন্ধু!" কথা শুনে সিংহ আকাশ থেকে পড়লো, "একি কথা বন্ধু! আমাদের মধ্যে তো কোনো সমস্যা হয়নি। তবু এমন কথা কেন?" শেয়ালের মনে তখনো ক্ষোভ, "তুমি যদি আমার সাথে থাকতে না চাও, সেকথা আমাকে বললেই পারতে, তোমার গিন্নিকে দিয়ে আমার বাচ্চাগুলোর মন কেন ছোট করালে বলো তো?" সিংহ ব্যাপারটা বুঝতে পারলো। বললো, "ঠিক আছে, আমি আমার গিন্নিকে ব্যাপারটা বুঝিয়ে

বলবো।" বিচক্ষণ শেয়াল তখন বললো, "আমরা দুজন বন্ধু হলেও আমাদের পরিবার তো আর বন্ধু হয়ে যায়নি। তোমার আর আমার বন্ধুত্ব যে উচ্চতায় ওরা সে উচ্চতা বা গভীরতা অনুভব করতে পারবে না। তাই ওরা একত্রে মিলেমিশে থাকতে পারছে না। তার চেয়ে আমাদের পরিবার নিয়ে আলাদা থাকাই ভালো। তবে আমাদের দুজনের বন্ধুত্ব ঠিকই থাকবে। আমরা দুজন আগের মতোই একত্রে শিকারে যাবো।" সিংহ শেয়ালের প্রস্তাবে রাজি হলো। এরপর তাদের পরিবার আলাদা থাকা শুরু করে। কিন্তু সিংহ ও শেয়ালের মধ্যে পুরোনো বন্ধুত্ব ঠিকই রয়ে যায়। তারা একত্রে শিকারে যায়। এভাবে সারাজীবন ওরা দুজনের বন্ধু হয়ে থাকে।

শিক্ষাঃ *নিজের পরিবার থেকে বন্ধুর প্রতি একই ধরনের ভালোবাসা প্রকাশ আশা করা উচিত নয়।*

২

এক পাহাড়ি বনে বাস করতো এক বাঘ আর এক সিংহ। দুজনের মধ্যে এমন বন্ধুত্ব ছিলো যে, তারা জানতোই না তারা দুজন আলাদা প্রাণী। যেন হরিহর আত্মা, এক প্রাণ। ঐ পাহাড়ের গুহায় বাস করতেন এক মহৎ সন্ন্যাসী। দুই বন্ধুতে অনেক মিল থাকলেও একদিন এক তুচ্ছ বিষয়ে লেগে গেলো ঝগড়া। সিংহ বললো, "পূর্ণিমার পূর্ণচাঁদ যখন ছোট হতে থাকে, ঐ সময়ে শীত আসে।" দ্বিমত করলো বাঘ। বললো, "এমন আজগুবি কথা কোথায় শুনেছো? সবাই জানে নতুন চাঁদ বড় হয়ে পূর্ণ চাঁদে পরিণত হলেই শীত আসে"। ব্যস, এই তুচ্ছ বিষয় নিয়ে দুজন কিছুতেই একমত হতে পারল না। প্রথমে বাদানুবাদ, এরপর শুরু হলো গালাগালি। পরিস্থিতি ধীরে ধীরে আরো খারাপ অবস্থায় যখন যেতে শুরু করলো, ওরা দুজনেই বুঝতে পারলো, বন্ধুত্ব বুঝি আর টেকে না। তাই ঠিক করলো, গুহায় ধ্যানরত সেই সন্ন্যাসীর কাছে যাবে। যথারীতি তারা সন্ন্যাসীর কাছে গেলো। তাদের ঝগড়ার কারণ খুলে বললো সন্ন্যাসীকে। সব শুনে সন্ন্যাসী বললেন, "চাঁদের দশা সদা পরিবর্তনশীল। কখনো সূক্ষ্ম এক ফালি চাঁদ পূর্ণ চাঁদে পরিণত হয়। আবার পূর্ণিমার গোল চাঁদ ক্ষয়ে গিয়ে সূক্ষ্ম চাঁদে পরিণত নয়। এজন্য শীত আসে বা যায় না। মূলত বাতাস প্রবাহের কারণে শীত আসে। এ বাতাস পূর্ব, পশ্চিম বা উত্তর, দক্ষিণ যেকোনো দিক থেকেই প্রবাহিত হতে পারে"। সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা হচ্ছে, ঝগড়াঝাটি না করে মিলেমিশে থাকতে পারা। একতাই সর্বোৎকৃষ্ট। বাঘ ও সিংহ দুজনেই নিজেদের ভুল বুঝতে পেরে সন্ন্যাসীকে কৃতজ্ঞতা জানালো। তারপর থেকে দুই বন্ধু মিলেমিশে সুখে শান্তিতে বসবাস করতে লাগল।

শিক্ষাঃ *ঋতু বদলায়, কিন্তু বন্ধুত্ব চির অমলিন ও অপরিবর্তনীয়।*

৩

একটি বাগানে থাকত একদল বানর। বাগানের গাছে গাছেই ঘুরে বেড়াত। বাগানেরই ফল-মূল, লতা-পাতা খেত। মালি গেল তাদের দলনেতার কাছে। গিয়ে বলল, "বানররাজ, তোমরা এই বাগানেরই বাসিন্দা। এখান থেকে নানান সুযোগ সুবিধা পেয়ে থাক। আজ এই বাগানের প্রয়োজনেই তোমাদের কিছু দায়িত্ব নেওয়া উচিত।" দলনেতা উৎসাহের সাথে বলল, "নিশ্চয়ই! নিশ্চয়ই! কী কাজ করতে হবে? বলো।" মালি বলল, "আমি ফিরে না আসা পর্যন্ত তোমরা এই চারাগাছগুলিকে পানি দিতে পারবে?" বানররাজ বলল, "খুব পারব। এ আর এমন কি কঠিন কাজ? তুমি নিশ্চিন্তে থাকো, মালি ভাই।" "দেখো ভুলে যেওনা যেন, আমার আসতে একটু দেরি হতে পারে"- এই বলে সতর্ক করে দিয়ে পানি দেয়ার ঝারিগুলো গুছিয়ে দিয়ে মালি নিশ্চিন্ত মনে উৎসবে আনন্দ করতে চলে গেল। বানররাও ঝারি হাতে চটপট কাজে লেগে গেলো। বানরদের সরদার অত্যন্ত হিসেবী মানুষ বলে, সে কড়া নির্দেশ দিল, "এক ফোটা পানিও যেন অপচয় না হয়। আমাদের কাছে যা পানি দিয়ে গেছে, তা বাজে খরচ হয়ে গেলে আবার জোগাড় করা খুব মুশকিল হবে। যে গাছের যতটুকু পানি দরকার, তোমরা ঠিক ততটুকুই পানি দিবে।" বানররা বলল, "কিন্তু কোন গাছের কতটুকু পানি লাগবে, তা বোঝা যাবে কী করে?" সর্দার সে সমাধানও করে দিল। সে জানাল, "যে গাছের শিকড় যত লম্বা, তার পানির দরকারও ততো বেশি, তোমরা শিকড়টা আগে মেপে নিও।" ব্যাস, আর সংশয় রইল না। বানররা তাদের সরদারের বুদ্ধির তারিফ করতে করতে কাজে নেমে পড়লো। কাজের পদ্ধতিটি স্বভাবতই বেশ অভিনব। একেক বানর একেকটি চারাগাছ ধরে আর উপরে ফেলে। তারপর তার শিকড় দেখে মাপ করে এবং পানি দেয়। গোটা বাগানজুড়ে বানরের দল গভীর নিষ্ঠাভরে এই কর্মকাণ্ড চালাতে থাকে। এই সময় এক ভদ্রলোক এই বাগানে ঢুকে পড়ে। সে হতবাক হয়ে বানরদের জিজ্ঞাসা করে, "ওহে, গাছে পানি দেয়ার এমন পদ্ধতি তো আগে কখনো দেখিনি ও শুনিওনি। তোমরা এমনভাবে গাছ উপড়ে শিকড় মেপে পানি দিচ্ছ কেন?" ভদ্রলোকের এমন কৌতূহল দেখে বানররা সপ্রতিভভাবে মালির নির্দেশ বুঝিয়ে দিল।

শিক্ষাঃ *যারা নেহাৎ মূর্খ তারা ভালো কাজ করার মানসিকতা নিয়ে কাজ শুরু করলেও শেষ পর্যন্ত মন্দ কাজই করে ফেলে।*

Literary Gossip English Writing (Students)

Saadman Khan Shadab
Class: One
Section: Sun Flower
Roll: 129

Bengali Our Mother Tongue

Bengali is our mother tongue. We got Bengali as a state language through a bloody language movement called “Bhasha Andolon” in 1952. Martyrs sacrificed their lives on 21st February, 1952 to protect Bengali language. From then we celebrate this day as “Shaheed Dibosh” On this day we remember and honour them by wreathing flowers at “Shaheed Minar”, 21st February is also observed as “The International Mother Language Day”. We are proud of our Bengali language.

Literary Gossip – Students

Rahimun Zahan
Class: VI
Section: Gold
Roll: 159

My Mother

Someone who cares,
Someone who loves,
Someone's heart that
Shines like the Sun

Who has pain and
Lots of problem
inside her.
But,
Outside of her,
She is perfect,
That I always see!

In my problems,
In my sadness
She makes me happy.

She's special,
She's my mother,
She's the most valuable
Person in my life.
I'll love her forever
In my life.

Rabiul
Class: IX
Section: Mars
Roll: 207

The Quran

The Quran is the holy book,
For the Muslims.
Solution to all problems-
the book brings.
All the scientific methods are
written in this book.
We should abide by everything,
in our livelihood.
The Quran is the guide book,
for all of us.
Allah has sent this
for all the nations.

Umama Mojumder
Class: XI
Section: Delta
Roll: 1017

The Awakening

All around us there are screams of pain
And death and blood,
But there's nothing to gain.
All our joys have been sucked by doom,
And in our future, we can only see
A darkened room.
Through all the sorrows, we only wait,
We wait for the happiness to open the gate,
And revive us all from these hideous monsters,
The attackers, the bandits and all the traitors.
Through all the pain
Through all the cries
We believe that one day
The sun will rise.
All smile and happiness
Will come this way
And all our sorrows
Will be reaped away.

Zarif Mohaimin Srizon
Class: VI
Roll: 103
Section: Autumn

James Webb Space Telescope

The most exciting thing is about to happen in cosmology, the James Webb telescope is NASA's number one science priority. This telescope was lunched on 25 December 2021 from the European space port in kourou (French Guiana), on board an Ariane space Arianne 5 rocket. It's a 10 billion dollars high-tech wonder that will explore strange new worlds and search for life in galaxy and beyond. It is named after NASA's second administrator who led the Apollo missions and was responsible for more than 75 launche into space during the 60's. The lJames Webb space Telescope also called webb or UWST is the largest space telescope in history. It's optimized for infrared wavelengths. The Webb is 100 times more powerful than the Hubble telescope, and has longer wavelength coverage, and greatly improved sensitivity over any other previous space telescopes. This is why some scientists call it a time machine. Because the longer wavelength coverage will allow the telescope to look further back in time to find the first galaxies and stars that formed in the early universe. The weeb is not in orbit around the Earth like Hubble. It has been launched to a destination 1.5 million kilometers from Earth, Lagrange point 2. There are 5 lagrange points between the Sun and the Earth. L1 lies between the Sun and the earth, and it's extremely useful for the Sun observation satellites. That's why Webb is located to L2.

To function correctly, the Webb telescope needs to be kept cool. It does that thanks to a five-layer sunshield the size of a tennis court. This Sun shield is about the size of a 20-car parking. Webb has a 21.3 feet across with 18 gold-pated hexagonal segments that collect infrared light. According to NASA, I Webb is so powerful that it can see a bumblebee to the Moon. But the bumblebee shouldn't move. The Webb will capture light that has been traversing the cosmos for as long as 13.5 billion years, extending our views of the universe several hundred million years earlier than Hubble Telescope.



After six months, all other scientific operations will get into the thick of the mission.

At the moments when I am writing the article, the Webb already took its first own selfie. In-Sha-Allah, when my article will be published. James Webb Space Telescope will discover many things in our universe.

Farhan Jahin Anik
Class: VIII
Section: Dahuk
Roll: 301

A Little about Our Parents

Parents mean father and mother, who are whole heartedly related to every person. Parents have brought us in this world. they take care of us. They are the persons who always remain with us in our danger. Their role in building up our life is immense.

A mother gives birth to a child after carrying him/her in her womb for about 10 months and 10 days. When she first sees the face of her baby, her face becomes lucid and smiling. She takes the baby in her bosom and tries to give the best comfort to him/her as much as she can. A father also waits very eagerly to see his baby. Forgetting their own comfort, they try to give their child the sheerest happiness. They make our life comfortable and easy. They always sincerely try to fulfill all the needs of their children. When their child falls into problems and don't find any way to recover, the parents come forward with affection and love. They want their children to be in the highest peak of success. They try their level best to make their children capable of leading a happy life. But when they fail to do that, their sorrow knows no bound.

But many children, after being matured and capable of leading their lives, refuse their parents, which is very grievous. The parents who have eagerly waited for their children's establishment have to stay neglected. The values of their parents are very negligible to them. They always think about their own complacence. Those types of children are the most heinous to the Almighty Allah. Prophet Muhammad (Sm) has said, "Heaven lies under the feet of mother. "So, every person of the world has to give their parents pleasure and look after them as they took care of us in our childhood. So parents should be respected and should be given the highest position after Allah. So parents are our most precious wealth.

Literary Gossip – Students

Nadia Islam Nuramoni
Class: XI
Section: Delta
Roll: 1010

Stephen Hawking

Scientist, Physicist (1942-2018)
Stephen Hawking was regarded as one of the most brilliant theoretical physicists in history. His works on the origins and structure of universe, from Big Bang to Black holes are outstanding.

Stephen Milldam Hawking was born in Oxford, England, on January 8,1942. In early age, Hawking showed a passion for science and the sky. During his first year at St. Albans School, he was third from the bottom of his class. But Hawking focused on pursuits outside of his school. He loved to climb, board game and he and a few friends created games of their own. Early in his academic life, Hawking, while recognized as bright, was not an exceptional student. During his teens. Hawking along with several friends, constructed a computer out of recycled parts for saving rudimentary mathematical equations. He entered the University college at Oxford University at the age of 17. In 1962, he graduated with honors in natural science and went on to attend trinity Hall at Cambridge University for a PHD in cosmology.

In early 1963, on his 21st birthday Hawking was

diagnosed with motor newron disease, more commonly known as Lou Gehrig's disease or amyotrophic lateral sclerosis. A speech generating device constructed at Cambridge. combined with a software program, served at his electronic voice, allowing Hawking to select his words by moving the mycles in his cheek.

In 1963, Hawking became a member of the Institute of Astronomy in Cambridge.

He got married with Jane wide in 1965. The couple gave birth to a son, Robert, in 1967 and a saughter, Lucy in 1970. A third child Timothy, arrived in 1979.

In 1973, he published his first, highly technical book, The large-scale structure of space-Time. In 1974, his research turned him into a celebrity within the scientific world when he showed that Black holes are not the information vaccums that scientists had thought they were.

On 2 May, 2018, his final paper, titted A smooth exit from eternal inflation? was published in the Journal of High Energy physics. Submitted 10 days before his death, the new report co-authored by Belgian physicst Thomas Hertog, disputes the idea that the universe will continue to expand.

On 14 March, 2018, Hawking finally succumbed to the disease that was supposed to have killed him more than 50 years earlier.

Books

A Brief History of Time, The Universe in a Nutshell, The Grand Design, By Bang Theory, Theory of Everything.

Quotes

* The greatest enemy of knowledge is not ignorance, it is the illusion of knowledge.
* Intelligence is the ability to adapt to change.
* Science is not only a disciple of reason, but also one of romance and passion.

Shaela Arguman
Class: XII
Sec: Meson
Roll: 1819

My Mother is a Housewife; Nevertheless

What springs to your mind when you hear the term 'Mother's profession' while your mother is merely a housewife, a homely looking lady with passionate love, faith and loyalty. Well, there are things we do need to realize. The act of teaching in different institutions, prescribing medicines in hospitals or clinics, cooking in restaurants, using scientific knowledge in constructions or designs proclaims one as a teacher, doctor, chef and an engineer respectively. But never have we realized that from the day we were born. our mother is the first doctor. That qualified doctor may not be available 24 hours but a mother is and she passes sleepless nights whenever her child falls sick. It's needless to explain that a mother is the first teacher of a child. And by all means, a mother is the best cook. If you need someone to make you realize this you don't deserve to eat.

So, have you ever wondered how many times do people ask you about your mother's occupation? It's more likely out of question for the mothers of middle class or lowered middle class families. Since we are living in 21st century now, there is an exception of 30.63% of women in our country who made it to their employments. Keeping them aside, who are getting paid for their services and are recognized as independent women. Let's think of our mothers, the super women, who are bound to do the household chores and known as housewives. Oftentimes, the 'independent women' have complained about their workplaces. Bosses, jobs and move out to new ones as they get the chance. Even after having uncountable problems and complains our mothers can not and do not give up and they don't even think about this. And after all these trials and tribulations, all she gets is a

social media post with a few lines and a nice picture on Mother's Day. Also, we wish saying that everyday is or should be celebrated as a Mother's Day. But how many of us do really stick to that?

Being the youths of this generation, we pretend to know about depression or frustration. We claim ourselves to be depressed whenever we go through probably the smallest problem, the creator of which is us and misbehave with our mothers. But we have never heard her saying "leave me alone" or "you won't understand" and other things out of frustration and we will never hear this because that's not her forte. Again, the adolescents of early stage prioritize their friends over their mothers and after discovering their friends as betrayers. It is their mother whom they can go back to; not sometimes or most of the time, always! And what about those days when your mother call sick? Does your home like a home? Well, we fail to realize or recognize the good things that happen or that are present in our lives everyday that the sun rises!

Seriously, I can keep going but let's get to the point. When we say, "My mother is a housewife," this also includes; the superpower of keeping things under control while dealing with inconceivable physical and mental compulsions. The heavenly capacity of healing the unseen wounds that are only seen by her, the infinite sacrifices any one can ever think of and the best critic and praiser simultaneously, which leaves no room for doubt or confusion!

Rezwana Afrin Saba
Class: VIII
Section: Dolphine
Roll: 712

Some Amazing Facts about the Universe

- Space is completely silent. There is no atmosphere in space, which means that sound has no medium or way to travel to be heard.
- Venus is the hottest planet in the solar system and has an average surface temperature of around 450 c.
- There are more trees on Earth than stars in the milky way galaxy. There are about trillion trees on planet Earth and 100-400 billion stars in the galaxy.
- There is a planet made of diamonds twice the size of Earth called the "Super Earth" AKA 55 cancere. It's most likely covered in graphite and diamond.
- The sun makes up 99.8% of the mass of the solar system. It's so big that you could source I million Earths inside of it.

Rushad Bin Amin
Class : XII
Section: Cosmos
Roll : 2067

The Promise

The wind of late spring is blowing outside. The leaves that have dried in winter have fallen off. Green leaves have filled that void up. Fahmida is watching how the season changes. Her present condition is like that of a dry leaf, waiting for the fall eternally. Fahmicla's husband Mahmudul is sitting beside her. Fahmida and Mohamudul are looking each other with teary eyes.

The memories of seven years are becoming vivid they first met. They first met in the coffee house through Fahmida's friend Shila, when they were students of university. They were first introduced on the popular communication medium Facebook. The conversation between them first turned into frienship and finally fell into love. What a wonderful love !

Together they started dreaming that they would live together and have a family. Mahmudul would get a job and return home after office to spend time with Fahmida. They would share each other all that have happened to them throughout the day.

Their life was going very well. Mahmudul got a job. He and his sweetherst Fahmida were preparing for a life long union. But they forgot about the cruelty of reality. Twelve months ago, Fahmida was diagnosed with cancer. Mahmudul broke down after hearing this.

But 11 days ago, today Mahmudul fulfilled his promise by marring his cancer stricken beloved Fahmida. What a love not so? The harsh reality could not stop them from keeping their promises.

Fahmida wondered at the time how the rose blossomed in the dark! How she fulfilled her love before the spring departed. All these have been possible because of the similarily of the true mind.

Fahmida said goodbye to this cruel world while looking at Mahmudul with teary eyes. Mahmudul as every one has to accept the cruel reality of this cruel world. Where he dreamed that he should enter the living room with Fahmida on his lap but today he has to say goodbye to Fahmida with his shoulder to the grave.

They are both extraordinary actor and actress on the stage of cruel reality. Everyone makes a promise but how many people can fulfill it. Reality could keep them ** from uniting but could not stop them from fulfilling their promises.

Zarif Mohaimin Srizon
Class: VI
Section: Autumn
Roal: 103

Facts about the World

- North Korea and Cuba are the only places you can't buy Coca-Cola.
- Babies only make crying sounds but shed on tears until they're at least several weeks old.
- Nerves are connected throughout your body. They carry information from the brain to different organs and back at breakneck speed up to 260 miles per hour.
- Scientists discovered 14 news pieces of dancing frogs in 2014 raising the total number to 24. Maybe they could do a revival of a chorus line.
- Statue of Liberty has a Morton's toe. Her second toe is longer than the big toe. Only 10% of people have this condition.
- Folding a simple sheet of paper 103 times will get you outside the boundaries of the observable Universe.

Jakwan Masoud Rafid
Class : VII
Section : Albatross
Roll : 17

Some Unknown Facts of the World

- The Mona Lisa has no eyebrows.
- The Strongest muscle in the body is the tongue.
- Coca-Cola was originally green.
- The most common name in the world is Muhammad.
- Camels have three eyelids.
- There are only two words in the English language that I have five vowels in order: abstemious and facetious.
- Minus 40 degree Celsius is exactly the same as minus 40 degree Fahrenhiet.
- Women blink nearly twice as much as a man.
- Each king in a deck of playing cards represents great king from history:
  Spades = King David
  Clubs = Alexander the Great
  Hearts = Charle magne
  Diamonds = Julius Caesar
- 111, 111, 111 x 111 x 111, 111 = 12, 345, 678, 987, 654, 321
- Butterflies taste with their feet.

Literary Gossip – Students

Zarif Mohaimin Srizon
Class: VI
Section: Autumn
Roll: 103

Funny Jokes

Jokes-1

Teacher: Why are you late?

Student: Because of the sign of the road.

Teacher: what is it?

Student: The sign says there is a school ahead slow down:

Joke-2

Teacher: How can we get some clean water?

Student: Bring the water from the river and wash it.

Joke-3

Teacher: Can a Kangaroo jump from Eiffel tower?

Student: Yes, Sir

Teacher: Why?

Student; Because the Eiffel tower can't jump.

Joke-4

Teacher: I am beautiful? Which tense is this?

Student: Definitely past tense.

Sumaiya Nishat
Class : VII
Section: Payra

Jokes

- Dad : Go and buy us a drink.
  Son : Pepsi or Mango Juice?
  Dad : Pepsi
  Son : Normal or cold?
  Dad : 1 or 2?
  Dad : Just go and buy some water.
  Son : Larbonated or Normal?
  Dad : Normal.
  Son : Hot or cold?
  Dad : Get out!
  Son : Now or later?
  Dad : Ah....!
- Naughty boy : Sir ! Sir! There is a fire!
  Fire office: Where! Where!
  Naughty boy: On the stove.
- Once in a crowded bus, a man noticed that another man had his eyes closed, "What's the matter! Are you sick?" he asked "No, I'm okay. It's just that I hate to see old ladies standing.

Literary Gossip English Writing (Teachers)

Majharul Islam
Assistant Professor

Glorious 50 years of BAF Shaheen College Kurmitola

BAF Shaheen College Kurmitola is a reputed college in Bangladesh and it is an ideal educational institution located in a pleasant environment at Bangabandhu base, Dhaka Cantonment. This college has 50 years of glorious history and tradition and I am proud to be a teacher of this college and at the same time I feel happy. BAF Shaheen College Kurmitola is run under the direct supervision and competent leadership of the Bangladesh Air Force. One thing I want to make clear here is that many people understand a person to be a 'Shaheen' but in fact it is not a person, 'Shaheen' refers to the eagle and the eagle is a symbol of the Bangladesh Air Force. BAF Shaheen College Kurmitola is one of the best colleges located in the middle of pure nature and noise free environment of Dhaka Cantonment which has a bunch of skilled teachers. It is a standard and reputed educational institution run by the Bangladesh Air Force under the Ministry of Education of the Government of the People's Republic of Bangladesh and the Board of Secondary and Higher Secondary Education Dhaka. The reputation of the college is growing steadily

due to the tireless efforts of the skilled governing body, experienced teachers, students and parents. This renowned institution was established by the Bangladesh Air Force in 1972 and was then named as Air Force School. In the year 1980, this institution was renamed as BAF Shaheen School and in 1982 the institution was upgraded to Class XII and renamed BAF Shaheen College Kurmitola. Here students from KG to class XII have the opportunity to learn in a beautiful and orderly environment and the college has a glorious result in the examinations of the Board of Secondary and Higher Secondary Education. Students are doing glorious results in primary and junior scholarship examinations in every year. The English version has been introduced along with the Bangla medium since 2010 and since 2015 the English version students have been participating in the regular SSC examinations and the trend of success has continued. The English version of the college branch started its journey from the 2019-20 academic year and through this the educational activities got institutional completion. ''Education, restraint and discipline'' is the main principle of this college and the main goal of this organization is to educate the students and make them honest, disciplined, restrained and patriotic citizens. The institute conducts regular cultural activities and conducts a variety of co-curricular activities to help students develop their aesthetic qualities, not just textbook boundaries. Annual sports and cultural competitions are held in the college every year

and all the students get the opportunity to participate and develop their own talents. The students of this institute are bringing glorious success in sports and cultural competitions at the national level every year. The institution is completely non-political and has a wide range of facilities for its students such as a spacious library, common room, spacious field for sports, debating club, quiz club, girls guide, rover scout, BNCC and other facilities. The college is rich in modern equipment and information technology and has its own website through which students can learn about various topics including various types of circulars, list of annual workbooks and other topics. Students' exam results and report cards are provided through dynamic website under the Student Management System and parents are also informed about the attendance of the students through SMS. Students' tuition fees and ancillary debts can be paid online through DBBL. Self-managed bus service has been introduced for the convenience of students and teachers. In this college students have the opportunity to get education through Bengali and English and girls and boys get the opportunity to get institutional education together. The institution has about 9,000 students and more than two hundred teachers and their spontaneous and lively presence make this institution always prominent. The students of this institute get the opportunity to study science, business studies and humanities according to their choice and qualifications and there are five houses for conducting their co-educational activities. The college has a record of 100% pass of the students in public examinations and at the same time record of achieving maximum GPA 5. The college has been doing excellent results since its inception. Here I want to talk about the resuts of the SSC and HSC exams of 2022. Our college has done unprecedented results throughout Bangladesh. In the SSC exam of 2022, there were 421 candidates of which 360 got GPA-5 and pass rate was 100%. In the HSC exam of 2022, 708 candidates got GPA-5 out of 954 and pass rate was 100%.

In order to enrich and accelerate the work and contribution of the teachers certificates and medals of the best teacher are awarded every year from this institution. A few years ago a multi-storied college building was erected on this campus and the building has all kinds of modern amenities, information technology connections and a huge auditorium, library and a cafeteria. There are specific uniforms and dress codes for the students prescribed by the college and there are certain rules which the students are to abide by. The college has a rich debating club and where students have the opportunity to engage in regular debates to develop their latent talents and the college is proud to have won debates at various competitions at the national level. There is a rich library in the college building and a large part of the library is decorated as 'Mujib Corner' where various books on Bangabandhu including liberation war are available. To develop the latent talents of the students, an aesthetic and rich magazine is presented every year so that the students can write freely. The college hosts science fairs every year where students get a chance to show their new knowledge and younger students get a chance to express their scientific views. The students can show their

